$$\begin{aligned} ৩ বছর আগে রহিম ও করিমের বয়সের গড় ছিল ১৮ বছর \\ \therefore \text{বর্তমানে রহিম ও করিমের বয়সের গড়} &= (১৮ + ৩) = ২১ \text{ বছর} \\ \therefore \text{" " " " মোট বয়স} &= (২১ \times ২) = ৪২ \text{ বছর} \\ \text{আবার, রহিম, করিম ও আলমের মোট বয়স} &= (২২ \times ৩) = ৬৬ \text{ বছর} \\ \therefore \text{আলমের বয়স} &= (৬৬ - ৪২) = ২৪ \text{ বছর।} \end{aligned}$$

২৪১. ২০ জন বালক ও ১৫ জন বালিকার গড় বয়স ১৫ বছর। বালকদের গড় বয়স ১৫.৫ বছর হলে বালিকাদের গড় বয়স কত?

সমাধান [প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্মান) ২০১০ (পর৫)]

$$\begin{aligned} ২০ \text{ জন বালক ও } ১৫ \text{ জন বালিকার মোট বয়স} &= (১৫ \times ৩৫) = ৫২৫ \text{ বছর} \\ ২০ \text{ জন বালকের মোট বয়স} &(১৫.৫ \times ২০) = ৩১০ \text{ বছর} \\ \therefore ১৫ \text{ জন বালিকার মোট বয়স} &(৫২৫ - ৩১০) = ২১৫ \text{ বছর} \\ \therefore \text{ বালিকাদের গড় বয়স} &= \frac{২১৫}{১৫} = ১৪ \frac{১}{৩} \text{ বছর বা } ১৪ \text{ বছর } ৪ \text{ মাস} \end{aligned}$$

২৪২. পিতা ও তিন পুত্রের গড় বয়স অপেক্ষা মাতা ও তিন পুত্রের গড় বয়স ২ বছর কম। পিতার বয়স ৩২ বছর হলে মাতার বয়স কত?

সমাধান শর্টকাট পদ্ধতি: [সহকারী শিক্ষক নিয়োগ ১০]

$$\begin{aligned} \text{মাতার বয়স} &= \text{পিতার বয়স} - \text{যতকম} \times \text{যতজন} \\ &= ৩২ - ২ \times ৪ = ৩২ - ৮ = ২৪ \text{ বছর} \end{aligned}$$

২৪৩. কোনো শ্রেণিতে ২০ জন ছাত্রীর বয়সের গড় ১২ বছর। ৪ জন নতুন ছাত্রী ভর্তি হওয়ায় বয়সের গড় ৪ মাস কমে গেল। নতুন ৪ জন ছাত্রীর বয়সের গড় কত?

সমাধান [প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (পদ্ম)]

$$\begin{aligned} ২০ \text{ জন ছাত্রীর বয়সের গড়} &= ১২ \text{ বছর} \\ \therefore ২০ \text{ " " মোট বয়স} &= (১২ \times ২০) = ২৪০ \text{ বছর} \\ ২৪ \text{ জন ছাত্রীর বয়সের গড়} &= \left(১২ - \frac{৪}{১২} \right) = \frac{৩৫}{৩} \text{ বছর} \\ \therefore ২৪ \text{ " " মোট বয়স} &= \left(\frac{৩৫}{৩} \times ২৪ \right) = ২৮০ \text{ বছর} \\ \therefore ৪ \text{ জন ছাত্রীর মোট বয়স} &= (২৮০ - ২৪০) = ৪০ \text{ বছর} \\ \therefore ৪ \text{ " " গড় বয়স} &= \frac{৪০}{৪} = ১০ \text{ বছর} \end{aligned}$$

২৪৪. কোন পরীক্ষায় রহিমের প্রাপ্ত নম্বর যথাক্রমে ৮২, ৮৫ ও ৯২। চতুর্থ পরীক্ষায় তাকে কত নম্বর পেতে হবে, যেন তার প্রাপ্ত নম্বরের গড় ৮৭ হয়?

সমাধান [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২০ (২য় খণ্ড)]

$$\begin{aligned} \text{তিনটি বিষয়ের মোট নম্বর} &(৮২ + ৮৫ + ৯২) = ২৫৯ \\ \text{চারটি " " " " } &(৮৭ \times ৪) = ৩৪৮ \\ \therefore \text{ চতুর্থ বিষয়ে নম্বর পেতে হবে} &(৩৪৮ - ২৫৯) = ৮৯ \end{aligned}$$

২৪৫. একজন বোলার গড়ে ১৮ রান দিয়ে ১০ টি উইকেট পান। পরবর্তী ইনিংসে গড়ে ৪ রান দিয়ে ৪টি উইকেট পান। তিনি উইকেট প্রতি গড় কত রান দিয়েছেন?

সমাধান [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ-১৪]

$$\begin{aligned} ১ম ইনিংসের মোট রান &= (১৮ \times ১০) = ১৮০ \\ \text{পরবর্তী " " " " } &= (৪ \times ৪) = ১৬ \\ \therefore \text{ উভয় ইনিংসের মোট রান} &= (১৮০ + ১৬) = ১৯৬ \\ \text{এবং মোট উইকেট} &= (১০ + ৪) = ১৪ \\ \therefore \text{ উইকেট প্রতি গড় রান} &= \frac{\text{মোট রান}}{\text{মোট উইকেট}} = \frac{১৯৬}{১৪} = ১৪ \end{aligned}$$

ত্রিকিক নিয়ম

২৪৬. দৈনিক ১২০ কি.মি. সাইকেল চালিয়ে কোনো ব্যক্তি ৪৮০ কি.মি. পথ কত দিনে যেতে পারবে? [পরিবেশ অধিদপ্তরের শ্যাবরেটরি অ্যাটেনডেন্ট ২০২০]

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\begin{aligned} \frac{\text{নির্ধেয় দিন}}{\text{প্রদত্ত দিন}} &= \frac{\text{পথ (নির্ধেয়)}}{\text{পথ (প্রদত্ত)}} \\ \text{বা, } \frac{\text{নির্ধেয় দিন}}{১} &= \frac{৪৮০}{১২০} \\ \therefore \text{ নির্ধেয় দিন} &= \frac{৪৮০}{১২০} \times ১ = ৪ \text{ দিন} \end{aligned}$$

২৪৭. ৬ ফুট দীর্ঘ বাঁশের ৪ ফুট দীর্ঘ ছায়া হয়। একই সময়ে একটি গাছের ছায়া ৬৪ ফুট লম্বা। গাছটির উচ্চতা কত ফুট?

সমাধান শর্টকাট পদ্ধতি: [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় খণ্ড) ২০১৯]

$$\begin{aligned} \frac{\text{নির্ধেয় গাছের উচ্চতা}}{\text{প্রদত্ত বাঁশের উচ্চতা}} &= \frac{\text{গাছের ছায়া (নির্ধেয়)}}{\text{বাঁশের ছায়া (প্রদত্ত)}} \\ \text{বা, } \frac{\text{নির্ধেয় গাছের উচ্চতা}}{৬} &= \frac{৬৪}{৪} \\ \therefore \text{ নির্ধেয় গাছের উচ্চতা} &= \frac{৬৪}{৪} \times ৬ = ৯৬ \text{ ফুট} \end{aligned}$$

২৪৮. একটি বোতলে আমের জুসের পরিমাণ ৩৫০ মিলি। ২৪টি বোতলে জুসের পরিমাণ কত লিটার?

সমাধান শর্টকাট পদ্ধতি: [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৪র্থ খণ্ড) ২০১৯]

$$\begin{aligned} \frac{\text{নির্ধেয় জুসের পরিমাণ}}{\text{প্রদত্ত জুসের পরিমাণ}} &= \frac{\text{বোতল (নির্ধেয়)}}{\text{বোতল (প্রদত্ত)}} \\ \text{বা, } \frac{\text{নির্ধেয় জুসের পরিমাণ}}{৩৫০} &= \frac{২৪}{১} \\ \text{বা, নির্ধেয় জুসের পরিমাণ} &= ৩৫০ \times ২৪ \text{ মিলি} \\ &= \frac{৮৪০০}{১০০০} \text{ লিটার } [\because ১০০০ \text{ মিলি} = ১ \text{ লিটার}] \\ &= ৮.৪ \text{ লিটার} \end{aligned}$$

২৪৯. কোনো সম্পত্তির ০.৮৭৫ অংশের মূল্য ৯২১২ টাকা হলে ০.৭৫ অংশের মূল্য কত?

সমাধান শর্টকাট পদ্ধতি: [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১৯]

$$\begin{aligned} \frac{\text{নির্ধেয় মূল্য}}{\text{প্রদত্ত মূল্য}} &= \frac{\text{অংশ (নির্ধেয়)}}{\text{অংশ (প্রদত্ত)}} \\ \text{বা, } \frac{\text{নির্ধেয় মূল্য}}{৯২১২} &= \frac{০.৭৫}{০.৮৭৫} \\ \text{বা, নির্ধেয় মূল্য} &= \frac{০.৭৫}{০.৮৭৫} \times ৯২১২ = ৭৮৯৬ \text{ টাকা} \end{aligned}$$

২৫০. ৩৫০ টাকা দরে ৩ কেজি মিষ্টি কিনে ৪ টাকা হারে ভ্যাট দিলে মোট কত ভ্যাট দিতে হবে?

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\begin{aligned} ৩ \text{ কেজি মিষ্টির দাম} &= (৩৫০ \times ৩) = ১০৫০ \text{ টাকা} \\ \frac{\text{নির্ধেয় ভ্যাট}}{\text{প্রদত্ত ভ্যাট}} &= \frac{\text{টাকার পরিমাণ (নির্ধেয়)}}{\text{টাকার পরিমাণ (প্রদত্ত)}} \\ \text{বা, } \frac{\text{নির্ধেয় ভ্যাট}}{৪} &= \frac{১০৫০}{১০০} \\ \therefore \text{ নির্ধেয় ভ্যাট} &= \frac{৪ \times ১০৫০}{১০০} = ৪২ \text{ টাকা} \end{aligned}$$

২৫১. একটি কাজ ১৫ জন লোকে ১০ দিন করতে পারে। কত জন লোক ঐ কাজ ১ দিনে সম্পন্ন করতে পারবে? [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-২০১৭]

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\text{লোক} = \frac{১ম ক্ষেত্রে লোক \times ১ম ক্ষেত্রে সময়}{২য় ক্ষেত্রে সময়} = \frac{১৫ \times ১০}{১} = ১৫০ \text{ জন}$$

২৫২. যে পরিমাণ খাদ্যে ২০০ জন লোকের ২০ সপ্তাহ চলে, ঐ পরিমাণ খাদ্যে কতজন লোকের ৮ সপ্তাহ চলেবে?

সমাধান শর্টকাট পদ্ধতি: [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৪]

$$\text{লোক} = \frac{১ম ক্ষেত্রে লোক \times ১ম ক্ষেত্রে সপ্তাহ}{২য় ক্ষেত্রে সপ্তাহ} = \frac{২০ \times ২০০}{৮} = ৫০০ \text{ জন}$$

২৫৩. ৬০ জন লোক কোনো কাজ ১৮ দিনে করতে পারে। উক্ত কাজ ৩৬ জন লোক কতদিনে সম্পন্ন করতে পারবে?

সমাধান শর্টকাট পদ্ধতি: [প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৫ (১ম ধাপ)]

$$\text{সময়} = \frac{১ম ক্ষেত্রে লোক \times ১ম ক্ষেত্রে সময়}{২য় ক্ষেত্রে লোক} = \frac{৬০ \times ১৮}{৩৬} = ৩০ \text{ দিনে}$$

২৫৪. ৫৬ জন শ্রমিক একটি কাজ ২১ দিনে শেষ করতে পারে। ১৪ দিনে কাজটি শেষ করতে হলে নতুন কত জন শ্রমিক নিয়োগ হবে?

সমাধান শর্টকাট পদ্ধতি: [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

$$\text{লোক} = \frac{১ম ক্ষেত্রে লোক \times ১ম ক্ষেত্রে দিন}{২য় ক্ষেত্রে দিন} = \frac{২১ \times ৫৬}{১৪} = ৮৪ \text{ জন}$$

$$\therefore \text{নতুন শ্রমিক} = (৮৪ - ৫৬) = ২৮ \text{ জন}$$

২৫৫. কোনো ছাত্রাবাসে ১৫ জন ছাত্রের ৩২ দিনের খাদ্য আছে। কয়েকজন নতুন ছাত্র আসায় ২০ দিনে ঐ খাদ্য শেষ হলে নতুন ছাত্রের সংখ্যা কত?

সমাধান শর্টকাট পদ্ধতি: [প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৯ (৩য় ধাপ-২)]

$$\text{ছাত্র} = \frac{১ম ক্ষেত্রে ছাত্র \times ১ম ক্ষেত্রে দিন}{২য় ক্ষেত্রে দিন} = \frac{১৫ \times ৩২}{২০} = ২৪ \text{ জন}$$

$$\therefore \text{নতুন ছাত্র সংখ্যা} = (২৪ - ১৫) \text{ জন} = ৯ \text{ জন}$$

২৫৬. একটি ছাত্রাবাসে ৩০ জন ছাত্রের ৩২ দিনের খাদ্য আছে। কয়েকজন নতুন ছাত্র আসায় ২০ দিনে ঐ খাদ্য শেষ হলে নতুন ছাত্রের সংখ্যা কত?

সমাধান শর্টকাট পদ্ধতি: [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক ২০১৫]

$$\text{ছাত্র} = \frac{১ম ক্ষেত্রে ছাত্র \times ১ম ক্ষেত্রে দিন}{২য় ক্ষেত্রে দিন} = \frac{৩২ \times ৩০}{২০} = ৪৮ \text{ জন}$$

$$\therefore \text{নতুন ছাত্র} = (৪৮ - ৩০) = ১৮ \text{ জন}$$

২৫৭. যদি একটি কাজ ৯ জন লোক ১২ দিনে করতে পারে, অতিরিক্ত ৩ জন লোক নিয়োগ করলে কাজটি কত দিনে শেষ হবে? [২য়তম বিসিবিএস]

সমাধান শর্টকাট পদ্ধতি: [প্রতিরক্ষা মন্ত্রণালয় প্রশাসনিক কর্মকর্তার কার্যা. সহ. পরি.-১৯]

$$\text{মোট লোক} = (৯ + ৩) = ১২ \text{ জন}$$

$$\therefore \text{দিন} = \frac{১ম ক্ষেত্রে লোক \times ১ম ক্ষেত্রে দিন}{২য় ক্ষেত্রে লোক} = \frac{৯ \times ১২}{১২} = ৯ \text{ দিন}$$

২৫৮. ১৫ জনের কোনো কাজের অর্ধেক করতে ২০ দিন লাগে। কত দিনে ২০ জন লোক পুরো কাজটি শেষ করতে পারবে?

সমাধান শর্টকাট পদ্ধতি: [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১২]

$$১৫ \text{ জনে সম্পূর্ণ বা } ১ \text{ অংশ কাজ করে } (২০ \times ২) = ৪০ \text{ দিন}$$

$$\therefore \text{দিন} = \frac{১ম ক্ষেত্রে লোক \times ১ম ক্ষেত্রে দিন}{২য় ক্ষেত্রে লোক} = \frac{১৫ \times ৪০}{২০} = ৩০ \text{ দিন}$$

২৫৯. ১৫ জনের কোন কাজের এক তৃতীয়াংশ করতে ২০ দিন লাগে, কত দিনে ২০ জন লোক পুরো কাজটি শেষ করতে পারবে?

সমাধান শর্টকাট পদ্ধতি: [প্রাক-প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৫ (৪র্থ ধাপ)]

$$১৫ \text{ জন লোক সম্পূর্ণ বা এক অংশ কাজ করে} = ৩ \times ২০ = ৬০ \text{ দিন}$$

$$\text{সময়} = \frac{১ম ক্ষেত্রে লোক \times ১ম ক্ষেত্রে সময়}{২য় ক্ষেত্রে লোক} = \frac{১৫ \times ৬০}{২০} = ৪৫ \text{ দিনে}$$

২৬০. কোনো হোটেলে ৬৬ জন ছাত্রীর ২৬ দিনের খাবার ছিল। ৮ দিন পর ৩০ জন ছাত্রী হোস্টেল ছেড়ে অন্যত্র চলে গেল। অবশিষ্ট খাদ্যে বাকি ছাত্রীদের কতদিন চলেবে? [NSI-এর জুনিয়র ফিল্ড অফিসার ২০১৯]

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\text{অবশিষ্ট দিন} = (২৬ - ৮) = ১৮ \text{ দিন}$$

$$\text{অবশিষ্ট ছাত্র} = (৬৬ - ৩০) = ৩৬ \text{ দিন}$$

$$\frac{\text{নির্ধেয় দিন}}{\text{প্রদত্ত দিন}} = \frac{\text{জন (প্রদত্ত)}}{\text{জন (নির্ধেয়)}}$$

$$\text{বা, } \frac{\text{নির্ধেয় দিন}}{১৮} = \frac{৩৬}{৩৬}$$

$$\therefore \text{নির্ধেয় দিন} = \frac{৩৬}{৩৬} \times ১৮ = ৩৬ \text{ দিন}$$

২৬১. একটি দুর্গে ৫০০ জন লোকের ২০ দিনের খাবার মজুদ আছে। ৫ দিন পর ১০০ জন লোক চলে গেলে বাকি খাদ্যে আর কত দিন চলেবে?

সমাধান শর্টকাট পদ্ধতি: [প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৪ (জ্যেষ্ঠ)]

$$\text{অবশিষ্ট লোক} (৫০০ - ১০০) = ৪০০ \text{ জন}$$

$$\text{অবশিষ্ট দিন} = (২০ - ৫) = ১৫ \text{ দিন}$$

$$\frac{\text{নির্ধেয় দিন}}{\text{প্রদত্ত দিন}} = \frac{\text{প্রদত্ত জন}}{\text{নির্ধেয় জন}}$$

$$\text{বা, } \frac{\text{নির্ধেয় দিন}}{১৫} = \frac{৫০০}{৪০০}$$

$$\therefore \text{নির্ধেয় দিন} = \frac{৫০০ \times ১৫}{৪০০} = ১৮ \frac{৩}{৪} \text{ দিন}$$

২৬২. কোনো ছাত্রাবাসে ৪০ জন ছাত্রের ৩০ দিনের খাবার আছে। ৫ দিন পর আরও ১০ জন ছাত্র আসলে অবশিষ্ট খাদ্যে তাদের কতদিন চলেবে?

সমাধান শর্টকাট পদ্ধতি: [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১২-মেম্বার]

$$\text{মোট ছাত্র} (৪০ + ১০) = ৫০ \text{ জন}$$

$$\text{অবশিষ্ট সময়} (৩০ - ৫) = ২৫ \text{ দিন}$$

$$\frac{\text{নির্ধেয় দিন}}{\text{প্রদত্ত সময়}} = \frac{\text{ছাত্র (প্রদত্ত)}}{\text{ছাত্র (নির্ধেয়)}}$$

$$\text{বা, } \frac{\text{নির্ধেয় দিন}}{২৫} = \frac{৪০}{৫০}$$

$$\therefore \text{নির্ধেয় দিন} = \frac{৪০}{৫০} \times ২৫ = ২০ \text{ দিন}$$

২৬৩. একটি সেনাবাহিনীর শুদামে ১৫০০ সৈনিকের ৪০ দিনের খাদ্য মজুদ আছে। ১৩ দিন পর কিছু সৈনিক অন্য জায়গায় চলে গেল। বাকি খাদ্যে অবশিষ্ট সৈনিকদের আরো ৩০ দিন চলো। কতজন সৈনিক অন্য জায়গায় চলে গিয়েছিল? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম ধাপ)-১৯]

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\text{অবশিষ্ট দিন} (৪০ - ১৩) = ২৭ \text{ দিন}$$

$$\frac{\text{নির্ধেয় সৈন্য}}{\text{প্রদত্ত সৈন্য}} = \frac{\text{দিন (প্রদত্ত)}}{\text{দিন (নির্ধেয়)}}$$

$$\text{বা, } \frac{\text{নির্ধেয় সৈন্য}}{১৫০০} = \frac{২৭}{৩০}$$

$$\therefore \text{নির্ধেয় সৈন্য} = \frac{২৭}{৩০} \times ১৫০০ = ১৩৫০ \text{ জন}$$

$$\text{অন্য জায়গায় চলে যায়} = (১৫০০ - ১৩৫০) \text{ জন} = ১৫০ \text{ জন}$$

২৬৪. কোনো দূর্গে ৭২০ জন সৈন্যের ২০ দিনের খাবার মজুদ আছে। ১০ দিন পর কিছু নতুন সৈন্য আসায় অবশিষ্ট খাদ্যে তাদের ৮ দিনে চললে কত জন সৈন্য এসেছিল?

[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ১০]

সমাধান শর্টকাট পদ্ধতি:

অবশিষ্ট সময় $(20 - 10) = 10$ দিন

$$\frac{\text{নির্ধেয় সৈন্য}}{\text{প্রদত্ত সৈন্য}} = \frac{\text{দিন (প্রদত্ত)}}{\text{দিন (নির্ধেয়)}}$$

$$\text{বা, } \frac{\text{নির্ধেয় সৈন্য}}{720} = \frac{10}{8}$$

$$\therefore \text{নির্ধেয় সৈন্য} = \frac{10}{8} \times 720 = 900 \text{ জন}$$

নতুন সৈন্য আসে $= (900 - 720) = 180$ জন

২৬৫. ১২ জন শ্রমিক ৩ দিনে ৭২০ টাকা আয় করে। ৯ জন শ্রমিক সমপরিমাণ টাকা আয় করে কতদিনে?

[২৬তম বিসিএস]

সমাধান শর্টকাট পদ্ধতি:

[১৫তম শিক্ষক নিবন্ধন (স্কুল-২/সমপর্মাণ)-২০১৯]

$$\frac{\text{নির্ধেয় দিন}}{\text{প্রদত্ত দিন}} = \frac{\text{শ্রমিক (প্রদত্ত)}}{\text{শ্রমিক (নির্ধেয়)}}$$

$$\text{বা, } \frac{\text{নির্ধেয় দিন}}{3} = \frac{12}{9}$$

$$\therefore \text{নির্ধেয় দিন} = \frac{12}{9} \times 3 = 8 \text{ দিন}$$

[সমপরিমাণ টাকা হওয়ায় সমাধানে ৭২০ টাকা উল্লেখ করা হয়নি]

২৬৬. যদি ১২ জন শ্রমিক ৪ দিনে ২৮৮০ টাকা আয় করে, তবে ৮ জন শ্রমিক কতদিনে সমপরিমাণ টাকা আয় করবে?

সমাধান শর্টকাট পদ্ধতি:

[টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) ২০১৩]

$$\frac{\text{নির্ধেয় দিন}}{\text{প্রদত্ত দিন}} = \frac{\text{জন (প্রদত্ত)}}{\text{জন (নির্ধেয়)}}$$

$$\text{বা, } \frac{\text{নির্ধেয় দিন}}{8} = \frac{12}{4}$$

$$\therefore \text{নির্ধেয় দিন} = \frac{12}{4} \times 8 = 6 \text{ দিন}$$

[Note: সমপরিমাণ টাকা হওয়ায় সমাধানে ২৮৮০ টাকা উল্লেখ করা হয়নি]

২৬৭. ৫ জন তাঁতীর ৫টি পোশাক তৈরি করতে ৫ দিন লাগলে ৭ জন তাঁতী ৭ টি পোশাক তৈরি করতে কত দিন সময় লাগবে?

সমাধান শর্টকাট পদ্ধতি:

[৩০তম বিসিএস]

$$\frac{\text{নির্ধেয় দিন}}{\text{প্রদত্ত দিন}} = \frac{\text{জন (প্রদত্ত)}}{\text{জন (নির্ধেয়)}} \times \frac{\text{পোশাক (নির্ধেয়)}}{\text{পোশাক (প্রদত্ত)}}$$

$$\text{বা, } \frac{\text{নির্ধেয় দিন}}{5} = \frac{5}{7} \times \frac{9}{5}$$

$$\therefore \text{নির্ধেয় দিন} = \frac{5}{7} \times \frac{9}{5} \times 5 = 9 \text{ দিন}$$

২৬৮. ৫টি বিড়াল ৫টি ইঁদুর ধরতে ৫ মিনিট সময় লাগায়। ১০০টি বিড়াল ১০০টি ইঁদুর ধরতে কত মিনিট লাগবে?

সমাধান শর্টকাট পদ্ধতি:

[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় ধাপ) ২০১৯]

$$\frac{\text{নির্ধেয় মিনিট}}{\text{প্রদত্ত মিনিট}} = \frac{\text{বিড়াল (প্রদত্ত)}}{\text{বিড়াল (নির্ধেয়)}} \times \frac{\text{ইঁদুর (নির্ধেয়)}}{\text{ইঁদুর (প্রদত্ত)}}$$

$$\text{বা, } \frac{\text{নির্ধেয় মিনিট}}{5} = \frac{5}{100} \times \frac{100}{5}$$

$$\therefore \text{নির্ধেয় মিনিট} = \frac{5}{100} \times \frac{100}{5} \times 5 = 5 \text{ মিনিট}$$

২৬৯. যদি ৩ জন পুরুষ অথবা ৫ জন বালক একটি কাজ ২০ দিনে করতে পারে, তবে ৪ জন পুরুষ ও ১০ জন বালক ঐ কাজ কত দিনে করতে পারবে?

সমাধান শর্টকাট পদ্ধতি:

[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি/কন্ট্রোল অফিস-২০]

$$\text{দিন} = \frac{1 \text{ ম পুরুষ} \times 1 \text{ ম বালক} \times 1 \text{ ম দিন}}{(1 \text{ ম পুরুষ} \times 2 \text{ ম বালক}) + (2 \text{ ম পুরুষ} \times 1 \text{ ম বালক})}$$

$$= \frac{3 \times 5 \times 20}{(3 \times 10) + (8 \times 5)} = \frac{3 \times 5 \times 20}{30 + 20} = \frac{3 \times 5 \times 20}{50} = 6$$

২৭০. ৬ জন জীলোক অথবা ৪ জন বালক একটি কাজ ১২ দিনে শেষ করতে পারে। ৩ জন জীলোক ও ১২ জন বালক ঐ কাজটি কত দিনে করতে পারবে?

[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিগোষ্ঠা কোর্স) ২০১৬]

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\text{দিন} = \frac{1 \text{ ম জীলোক} \times 1 \text{ ম বালক} \times 1 \text{ ম দিন}}{(1 \text{ ম জীলোক} \times 2 \text{ ম বালক}) + (1 \text{ ম বালক} \times 2 \text{ ম জীলোক})}$$

$$= \frac{6 \times 8 \times 12}{(6 \times 12) + (8 \times 3)} = \frac{6 \times 8 \times 12}{72 + 24} = \frac{6 \times 8 \times 12}{96} = 6$$

নল-চৌবাচ্চা এবং কাজ

২৭১. একটি চৌবাচ্চায় দুটি নল সংযুক্ত আছে। প্রথম নল দ্বারা চৌবাচ্চাটি ৪ মিনিটে পূর্ণ হয় এবং ২য় নল দ্বারা ১২ মিনিটে পূর্ণ হয়। নল দুটি একত্রে খুলে দিলে খালি চৌবাচ্চাটি কতক্ষণে পূর্ণ হবে?

সমাধান শর্টকাট পদ্ধতি:

[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম ধাপ) ২০১৯]

$$\text{উভয় নল দ্বারা চৌবাচ্চাটি পূর্ণ হয়} = \frac{AB}{A+B} = \frac{8 \times 12}{8+12} = \frac{8 \times 12}{20} = 4.8$$

২৭২. যদি কোনো একটি কাজ আলাদাভাবে সম্পন্ন করতে করিমের ৪৫ মি. এবং রহিমের ৩০ মি. সময় লাগে তবে উভয়ে একত্রে ঐ কাজটি সম্পন্ন করতে কত মিনিট সময় লাগবে?

[প্রাক-প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৪ (কিটা)]

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\text{উভয়ে একত্রে কাজটি সম্পূর্ণ করতে সময় লাগে} = \frac{AB}{A+B} = \frac{45 \times 30}{45+30} = 18 \text{ মিনিট}$$

২৭৩. দুটি নল দ্বারা একটি চৌবাচ্চা যথাক্রমে ১০ ও ১৫ ঘণ্টায় পানি পূর্ণ করে। নল দুটি একত্রে খোলা রাখলে চৌবাচ্চাটি কতক্ষণে পূর্ণ হবে?

সমাধান শর্টকাট পদ্ধতি:

[প্রাক-প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৪ (আলফা)]

$$\text{নল দুটি একত্রে খোলা রাখলে চৌবাচ্চাটি পূর্ণ হবে} = \frac{AB}{A+B} = \frac{10 \times 15}{10+15} = 6 \text{ ঘণ্টায়}$$

২৭৪. ক একটি কাজ ১৫ দিনে করতে পারে। যদি খ, ক এর দ্বিগুণ কাজ করে তবে ক এবং খ একত্রে ঐ কাজ শেষ করতে কত দিন লাগবে?

সমাধান শর্টকাট পদ্ধতি:

[ICAB-এর সহকারী ব্যবস্থাপক (ট্রেইনি জেনারেল)-২০১১]

শর্তানুসারে, ক কাজটি করে ১৫ দিনে

$$\therefore \text{খ কাজটি করে} = \frac{15}{2} = 7.5 \text{ দিনে}$$

$$\text{ক ও খ একসাথে করলে সময় লাগবে} = \frac{AB}{A+B} = \frac{15 \times 7.5}{15+7.5} = \frac{15 \times 7.5}{22.5} = 5 \text{ দিন}$$

২৭৫. সম্পূর্ণ খালি একটি চৌবাচ্চা একটি পাইপ দিয়ে ৫ ঘণ্টায় সম্পূর্ণ ভর্তি করা যায়। দ্বিতীয় একটি পাইপ দিয়ে চৌবাচ্চাটি ভর্তি করতে ৩ ঘণ্টা লাগে। দুটি পাইপ একসাথে ব্যবহার করে চৌবাচ্চাটির $\frac{২}{৩}$ অংশ ভর্তি করতে কত সময় লাগবে? [১৯তম বিসিএস]

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\text{দুইটি পাইপ দ্বারা পূর্ণ অংশ বা ১ অংশ পূর্ণ হতে সময় লাগে} = \frac{AB}{A+B} = \frac{৫ \times ৩}{৫+৩} = \frac{১৫}{৮}$$

$$\therefore \frac{২}{৩} \text{ অংশ সম্পন্ন করতে সময় লাগবে} = \frac{১৫}{৮} \times \frac{২}{৩} = \frac{৫}{৪}$$

২৭৬. দুই জন লোক একত্রে একটি কাজ ৮ দিনে করতে পারে। প্রথম জন কাজটি ১২ দিনে করতে পারে। দ্বিতীয় জন ঐ কাজটি কত দিনে করবে? [৩৯তম ও ১৬তম বিসিএস]

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\text{২য় জনে কাজটি করে} = \frac{AB}{A-B} = \frac{৮ \times ১২}{১২-৮} = \frac{৯৬}{৪} = ২৪ \text{ দিনে}$$

২৭৭. ক ও খ একত্রে একটি কাজ ১০ দিনে শেষ করতে পারে। খ একা কাজটি ১৪ দিনে শেষ করতে পারলে ক একা কতদিনে কাজটি শেষ করতে পারবে? [প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৯ (৩য় ধাপ-১)]

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\text{ক কাজটি করবে} = \frac{AB}{A-B} = \frac{১৪ \times ১০}{১৪-১০} = ৩৫$$

২৭৮. অণু, দীপু ও নিপু একটি কাজ যথাক্রমে ৬, ১০, ১৫ দিনে করতে পারে। একত্রে তারা কাজটি কতদিনে করতে পারবে? [প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৯ (৪র্থ ধাপ-৩)]

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\text{তারা একত্রে কাজটি করতে পারবে} = \frac{ABC}{AB+BC+CA}$$

$$= \frac{৬ \times ১০ \times ১৫}{৬ \times ১০ + ১০ \times ১৫ + ১৫ \times ৬}$$

$$= ৩ \text{ দিন}$$

২৭৯. দুইটি নল দিয়ে একটি ট্যাংক যথাক্রমে ১২ ও ১৫ ঘণ্টায় পূর্ণ হয়। তৃতীয় একটি নল দ্বারা সেটি ২০ ঘণ্টায় খালি হয়। তিনটি নল একসাথে খুলে দিলে ট্যাংকটি পূর্ণ হতে কত সময় লাগবে? [ভিত্তাস গ্যাস সহকারী অফিসার-২০১৮]

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\frac{ABC}{BC+CA-AB} = \frac{১২ \times ১৫ \times ২০}{১৫ \times ২০ + ১২ \times ২০ - ১২ \times ১৫}$$

$$= \frac{১৮০ \times ২০}{৩০০ + ২৪০ - ১৮০} = \frac{১৮০ \times ২০}{৩৬০} = ১০ \text{ ঘণ্টায়}$$

২৮০. ক একটি কাজ ২০ দিনে করতে পারে এবং খ কাজটি ৩০ দিনে করতে পারে। ক ও খ একত্রে ৮ দিনে করার পর ক চলে গেল। বাকি কাজ খ একা কত দিনে সম্পন্ন করতে পারবে? [থানা সহকারী শিক্ষা অফিসার-০৫]

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\text{মোট কাজ } ২০ \text{ ও } ৩০ \text{ এর লসাগু} = ৬০ \text{ অংশ}$$

$$\text{একত্রে } ৮ \text{ দিনে করে} = ৮ \left(\frac{৬০}{২০} + \frac{৬০}{৩০} \right) = ৮(৩ + ২) = ৪০ \text{ অংশ}$$

$$\text{বাকি কাজ } (৬০ - ৪০) = ২০ \text{ অংশ খ সম্পন্ন করে} = \frac{২০}{২} = ১০ \text{ দিনে}$$

[∴ খ দৈনিক ২ অংশ করে]

২৮১. ক একটি কাজ ৯ দিনে এবং খ ১৮ দিনে করতে পারে। তারা একত্রে কাজ আরম্ভ করার কয়েকদিন পর ক কাজটি অসমাপ্ত রেখে চলে যায়। বাকি কাজটুকু খ ৬ দিনে শেষ করে। কাজটি মোট কতদিনে শেষ হয়েছিল? [২০তম বিসিএস চিপিপি]

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\text{মোট কাজ} = ৯ \text{ ও } ১৮ \text{ এর ল.সা.গু} = ১৮ \text{ অংশ}$$

$$\therefore \text{ক } ১ \text{ দিনে করে } \frac{১৮}{৯} = ২ \text{ অংশ}$$

$$\text{এবং খ } ১ \text{ দিনে করে} = \frac{১৮}{১৮} = ১ \text{ অংশ}$$

খ ৬ দিনে করে ৬ অংশ

$$\text{বাকি কাজ } (১৮ - ৬) = ১২ \text{ অংশ}$$

$$\text{আবার ক ও খ এক দিনে করে} = (২ + ১) \text{ অংশ} = ৩ \text{ অংশ}$$

$$\therefore ১২ \text{ অংশ করে } \frac{১২}{৩} = ৪ \text{ দিনে}$$

$$\therefore \text{কাজটি শেষ হয়} = (৪ + ৬) = ১০ \text{ দিনে}$$

দূরত্ব, সময়, গতিবেগ, ট্রেন, নৌকা ও শ্রোত

২৮২. ঢাকা থেকে চট্টগ্রাম এর দূরত্ব ২৬৫ কিলোমিটার। একটি বাস ৫ ঘণ্টায় ঢাকা থেকে চট্টগ্রাম চলে আসলে বাসটির গড় গতিবেগ কত কিমি/ঘণ্টা? [শিক্ষা মন্ত্রণালয় নিয়োগ পরীক্ষা-২০১৭]

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\text{বাসটির গড় গতিবেগ} = \frac{\text{দূরত্ব}}{\text{সময়}} = \frac{২৬৫}{৫} = ৫৩ \text{ কিমি/ঘণ্টা}$$

২৮৩. একজন লোক ঘণ্টায় y কিমি হাঁটতে পারে। x কিমি দূরত্ব অতিক্রম করতে ঐ লোকের কত মিনিট সময় লাগবে? [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারী কৃষি কর্মকর্তা ২০১৬]

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\text{বেগ} = y \text{ কি.মি./ঘণ্টা}$$

$$= \frac{y}{60} \text{ কি.মি./মি.}$$

$$\therefore \text{সময়} = \frac{x}{\frac{y}{60}} = x \times \frac{60}{y} = \frac{60x}{y}$$

বিকল্প পদ্ধতি:

$$y \text{ কিমি হাঁটতে পারে } 60 \text{ মিনিটে}$$

$$\therefore x \text{ " " " } \frac{60 \times x}{y} = \frac{60x}{y} \text{ মিনিটে}$$

২৮৪. ভ্রমণের প্রথম ৬ ঘণ্টায় একটি গাড়ির গড় বেগ ছিল ৪০ কিমি/ঘণ্টা এবং বাকি অংশের গড় বেগ ছিল ৬০ কিমি/ঘণ্টা। যদি সম্পূর্ণ ভ্রমণে গাড়িটির গড় বেগ ৫৫ কিমি/ঘণ্টা হয় তবে ভ্রমণের মোট সময়কাল কত? [প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (স্বপ্না)]

সমাধান

$$\text{ধরি, গাড়িটির মোট ভ্রমণকাল} = t$$

$$\text{শর্তানুসারে, } t \times ৫৫ = ৬ \times ৪০ + (t - ৬) \times ৬০$$

$$\text{বা, } ৫৫t = ২৪০ + ৬০t - ৩৬০$$

$$\text{বা, } ১২০ = ৫t$$

$$\therefore t = ২৪ \text{ ঘণ্টা}$$

২৮৫. ঢাকা থেকে টাঙ্গাইলের দূরত্ব ৪৫ মাইল। করিম ঘন্টায় ৩ মাইল বেগে হাঁটে এবং রহিম ঘন্টায় ৪ মাইল বেগে হাঁটে। করিম ঢাকা থেকে রওয়ানা হওয়ার ১ ঘন্টা পর রহিম টাঙ্গাইল থেকে রওয়ানা হয়েছে। রহিম কত মাইল হাঁটার পর করিমের সাথে দেখা হবে? [১৯তম বিসিএস]

সমাধান শর্টকাট পদ্ধতি:

করিম ১ ঘন্টায় যায় ৩ মাইল
 \therefore বাকি দূরত্ব = $(৪৫ - ৩) = ৪২$ মাইল
 করিম ও রহিম ১ ঘন্টায় যায় = $(৩ + ৪) = ৭$ মাইল
 \therefore দুজনের ৪২ মাইল যেতে সময় লাগে = $\frac{৪২}{৭} = ৬$ ঘন্টা
 \therefore ৬ ঘন্টায় রহিম হাঁটে = $(৪ \times ৬) = ২৪$ মাইল।

২৮৬. ক ঘন্টায় ১০ কি.মি. এবং খ ঘন্টায় ১৫ কি.মি. বেগে একই সময় একই স্থান থেকে রাজশাহীর পথে রওয়ানা হলো। ক ১০.১০ মিনিটের সময় এবং খ ৯.৪০ মিনিটের সময় রাজশাহী পৌছল। রওয়ানা হওয়ার স্থান থেকে রাজশাহীর দূরত্ব কত কি.মি.? [১১তম বিসিএস]

সমাধান

ধরি, রাজশাহীর দূরত্ব x কি.মি.
 \therefore ক এর সময় লাগে $\frac{x}{১০}$ ঘন্টা = $\frac{x}{১০} \times ৬০ = ৬x$ মিনিট
 খ " " " $\frac{x}{১৫}$ " = $\frac{x}{১৫} \times ৬০ = ৪x$ "
 প্রথমতে, $৬x - ৪x = ৩০$
 বা, $২x = ৩০$
 $\therefore x = ১৫$
 \therefore দূরত্ব ১৫ কি.মি.।

২৮৭. এক ব্যক্তি ঘন্টায় ৩০ মাইল বেগে ২ ঘন্টা ভ্রমণ করার পর পরবর্তী ৩ ঘন্টায় ৬০ মাইল পথ অতিক্রম করে। সম্পূর্ণ পথের জন্য তার গড় গতিবেগ কত? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ-সহ: পরি:০১]

সমাধান শর্টকাট পদ্ধতি:

প্রথম ২ ঘন্টায় যায় = $(৩০ \times ২) = ৬০$ মাইল
 পরবর্তী ৩ ঘন্টায় যায় = ৬০ মাইল
 \therefore মোট $(২ + ৩) = ৫$ ঘন্টায় যায় $(৬০ + ৬০) = ১২০$ মাইল
 \therefore গড় গতিবেগ = $\frac{\text{মোট দূরত্ব}}{\text{মোট সময়}} = \frac{১২০}{৫}$ মাইল/ঘন্টা = ২৪ মাইল/ঘন্টা

২৮৮. রাজশাহী থেকে খুলনা এর দূরত্ব ২৮২ কিলোমিটার। একটি বাস ৭ ঘন্টায় খুলনা থেকে রাজশাহী চলে আসল। পথে বাসটি ১ ঘন্টা যাত্রা বিরতি নেয়। বাসটির গড় গতিবেগ কত কি.মি./ঘন্টা?

সমাধান শর্টকাট পদ্ধতি: [প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৯ (৩য় ধাপ-১)]

মোট সময় নেয় ৭ ঘন্টা
 যাত্রা বিরতি নেয় ১ ঘন্টা
 নিট সময় নেয় $(৭ - ১) = ৬$ ঘন্টা
 মোট দূরত্ব ২৮২ কিলোমিটার
 \therefore গড় গতিবেগ = $\frac{২৮২}{৬}$ কিমি/ঘন্টা = ৪৭ কিমি/ঘন্টা

২৮৯. এক ব্যক্তি ঘন্টায় ৫ কি.মি. বেগে চলে কোনো স্থানে গেল এবং ঘন্টায় ৩ কি.মি. বেগে চলে ফিরে আসল। যাতায়াতে তার গতির গড় কত?

সমাধান শর্টকাট পদ্ধতি: [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারি শিক্ষক নিয়োগ-১৩]

নির্ণেয় গতির গড় = $\frac{২xy}{x+y}$
 $= \frac{২ \times ৫ \times ৩}{৫ + ৩}$
 $= \frac{২ \times ৫ \times ৩}{৮} = \frac{১৫}{৪}$ কিমি/ঘন্টা

এখানে,
 $x =$ যাওয়ার গতিবেগ = ৫ কিমি/ঘন্টা
 $y =$ যাওয়ার গতিবেগ = ৩ কিমি/ঘন্টা

২৯০. ১২০ মিটার লম্বা একটি আঙ্গুনগর এক্সপ্রেস ট্রেন একটি ল্যান্ডমার্কপোস্ট ৬ সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির গতিবেগ ঘন্টায় কত কিলোমিটার?

সমাধান শর্টকাট পদ্ধতি:

[প্রাক-প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৩ (করতোয়া)]

বেগ = $\frac{১২০}{৬}$ মি./সে.
 $= \frac{১২০}{৬} \times \frac{৩৬০০}{১০০০}$ কি.মি./ঘন্টা
 $= ৭২$ কি.মি./ঘন্টা

২৯১. ১৫০ মিটার লম্বা ট্রেন ৪৫০ মিটার লম্বা একটি প্রাতিফর্ম ২০ সেকেন্ডে অতিক্রম করলে ঐ ট্রেনের গতিবেগ প্রতি সেকেন্ডে কত হবে?

সমাধান শর্টকাট পদ্ধতি:

[প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৯ (৩য় ধাপ-১)]

মোট দূরত্ব = $(১৫০ + ৪৫০) = ৬০০$ মিটার
 \therefore ট্রেনের গতিবেগ = $\frac{৬০০}{২০} = ৩০$ মিটার/সেকেন্ড

২৯২. রেল লাইনের পাশে একটি তালগাছ রয়েছে। ঘন্টায় ৪৫ কি.মি. বেগে ধাবমান ১৫০ মি. লম্বা একটি ট্রেন কত সময়ে ঐ তালগাছটি অতিক্রম করবে?

[প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৮ (সেট: ৭১৪২)]

সমাধান শর্টকাট পদ্ধতি:

ট্রেনটির বেগ = ৪৫ কিমি/ঘন্টা
 $= \frac{৪৫ \times ১০০০}{৩৬০০}$ মিটার/সেকেন্ড
 $= \frac{২৫}{২}$ মিটার/সেকেন্ড

১ কি.মি. = ১০০০মি.
 ১ ঘন্টা = ৩৬০০ সেকেন্ড

তালগাছটিকে অতিক্রম করতে ট্রেনটিকে নিজের দৈর্ঘ্য অতিক্রম করতে হবে।

নির্ণেয় সময় = $\frac{\text{দূরত্ব}}{\text{বেগ}} = \frac{১৫০}{\frac{২৫}{২}}$ সেকেন্ড = $১৫০ \times \frac{২}{২৫} = ১২$ সেকেন্ড

২৯৩. ১০০ মিটার লম্বা একটি ট্রেন ঘন্টায় ৩৬ কিলোমিটার গতিতে চললে ১৫০ মিটার একটি সেতু পার হতে কত সেকেন্ড সময় লাগবে?

সমাধান শর্টকাট পদ্ধতি:

[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মিলিটারি ইঞ্জি. সার্ভিসেসের স্টোরম্যান-১৮]

বেগ = ৩৬ কি.মি./ঘন্টা
 $= ৩৬ \times \frac{৫}{১৮}$ মি./সে.
 $= ১০$ মি./সে

ট্রেনটিকে সেতু অতিক্রম করতে হলে, সেতু ও ট্রেনের দৈর্ঘ্যের সমষ্টি অতিক্রম করতে হবে।

\therefore ট্রেনটিকে অতিক্রম করতে হবে = $(১৫০ + ১০০) = ২৫০$ মিটার
 \therefore সময় = $\frac{২৫০}{১০} = ২৫$ সেকেন্ড

২৯৪. একটি ট্রেন ঘন্টায় ৯২.৪ কিলোমিটার বেগে চলে। ট্রেনটি ১০ মিনিটে কত মিটার অতিক্রম করবে?

সমাধান শর্টকাট পদ্ধতি:

[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ওয়ারলেস অপারেটর ২০২১]

এখানে, সময় = ১০ মিনিট = (৬০×১০) সেকেন্ড = ৬০০ সেকেন্ড
 বেগ = ৯২.৪ কি.মি./ঘন্টা = $৯২.৪ \times \frac{৫}{১৮}$ মি./সে.
 \therefore দূরত্ব = $৯২.৪ \times \frac{৫}{১৮} \times ৬০০ = ১৫৪০০$ মিটার

২৯৫. একটি ট্রেন ৭২ কিলোমিটার গতিতে একটি সেতু ১ মিনিটে পার হলো। ট্রেনের দৈর্ঘ্য ৭০০ মিটার হলে সেতুটির দৈর্ঘ্য কত মিটার?

সমাধান শর্টকাট পদ্ধতি: [সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২০ (১ম ধাপ)]

$$\begin{aligned} \text{বেগ} &= ৭২ \text{ কি.মি./ঘণ্টা} \\ &= ৭২ \times \frac{৫}{১৮} \text{ মি./সে} \\ &= ২০ \text{ মি./সে} \end{aligned}$$

$$\text{সময়} = ১ \text{ মিনিট} = ৬০ \text{ সেকেন্ড}$$

$$\therefore \text{দূরত্ব} = (৬০ \times ২০) = ১২০০ \text{ মিটার}$$

$$\therefore \text{সেতুর দৈর্ঘ্য} = (১২০০ - ৭০০) = ৫০০ \text{ মিটার}$$

২৯৬. দাঁড় বেয়ে একটি নৌকা শ্রোতের অনুকূলে ঘণ্টায় ৮ কি.মি. এবং প্রতিকূলে ঘণ্টায় ৪ কি.মি. যায়। নৌকার বেগ কত?

সমাধান শর্টকাট পদ্ধতি: [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারি শিক্ষক নিয়োগ-০৮]

$$\text{ধরি, নৌকার বেগ} = x \text{ কিমি/ঘণ্টা}$$

$$\text{শ্রোতের বেগ} = y \text{ কিমি/ঘণ্টা}$$

$$\text{প্রথমতে, } x + y = ৮$$

$$x - y = ৪$$

$$2x = ১২ \text{ (যোগ করে)}$$

$$\therefore x = \frac{১২}{২} = ৬ \text{ কিমি/ঘণ্টা}$$

২৯৭. লঞ্চ ও শ্রোতের গতিবেগ যথাক্রমে ১৮ ও ৬ কি.মি। নদীপথে ৪৮ কি.মি. পথ অতিক্রম করে ফিরে আসতে কত সময় লাগবে?

সমাধান [২৬তম বিসিবিএফ]

$$\text{শ্রোতের অনুকূলে লঞ্চের বেগ} = (১৮ + ৬) = ২৪ \text{ কিমি/ঘণ্টা}$$

$$\therefore \text{শ্রোতের অনুকূলে যেতে সময় লাগে} = \frac{৪৮}{২৪} = ২ \text{ ঘণ্টা}$$

$$\text{আবার, শ্রোতের প্রতিকূলে লঞ্চের বেগ} = (১৮ - ৬) = ১২ \text{ কিমি/ঘণ্টা}$$

$$\therefore \text{শ্রোতের প্রতিকূলে ফিরে আসতে সময় লাগে} = \frac{৪৮}{১২} = ৪ \text{ ঘণ্টা}$$

$$\therefore \text{মোট সময় লাগে} = (২ + ৪) = ৬ \text{ ঘণ্টা।}$$

২৯৮. নৌকা ও শ্রোতের গতি ঘণ্টায় ১০ ও ৫ কি.মি। নদীপথে ৪৫ কি.মি. দীর্ঘ পথ একবার অতিক্রম করে ফিরে আসতে কত সময় লাগবে?

সমাধান [১২তম বিসিবিএফ; প্রাক-প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৩ (ভঙ্গা)]

$$\text{শ্রোতের অনুকূলে নৌকার বেগ} = (১০ + ৫) = ১৫ \text{ কিমি/ঘণ্টা}$$

$$\therefore \text{শ্রোতের অনুকূলে ৪৫ কিমি যেতে সময় লাগে} = \frac{৪৫}{১৫} = ৩ \text{ ঘণ্টা}$$

$$\text{আবার, শ্রোতের প্রতিকূলে নৌকার বেগ} = (১০ - ৫) = ৫ \text{ কিমি/ঘণ্টা}$$

$$\therefore \text{শ্রোতের প্রতিকূলে ৪৫ কিমি ফিরে আসতে সময় লাগে} = \frac{৪৫}{৫} = ৯ \text{ ঘণ্টা}$$

$$\therefore \text{মোট সময়} = (৩ + ৯) = ১২ \text{ ঘণ্টা।}$$

২৯৯. লঞ্চ ও শ্রোতের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় ২০ কিমি ও ৪ কিমি। নদীপথে ৯৬ কিমি দূরত্ব অতিক্রম করে পুনরায় যাত্রাহানে ফিরে আসতে সময় লাগবে-

সমাধান [প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (সুরমা)]

$$\text{শ্রোতের অনুকূলে বেগ} = (২০ + ৪) = ২৪ \text{ কিমি/ঘণ্টা}$$

$$\therefore \text{শ্রোতের অনুকূলে যেতে সময় লাগে} = \frac{৯৬}{২৪} = ৪ \text{ ঘণ্টা}$$

$$\text{আবার, শ্রোতের প্রতিকূলে বেগ} = (২০ - ৪) = ১৬ \text{ কিমি/ঘণ্টা}$$

$$\therefore \text{শ্রোতের প্রতিকূলে যেতে সময় লাগে} = \frac{৯৬}{১৬} = ৬ \text{ ঘণ্টা}$$

$$\therefore \text{মোট সময় লাগে} = (৪ + ৬) = ১০ \text{ ঘণ্টা।}$$

৩০০. একজন মাঝি শ্রোতের অনুকূলে ২ ঘণ্টায় ৫ মাইল যায় এবং ৪ ঘণ্টায় যাত্রাহানে ফিরে আসে। তাঁর মোট ভ্রমণে প্রতি ঘণ্টায় গড় বেগ কত?

সমাধান শর্টকাট পদ্ধতি: [২৬তম বিসিবিএফ]

$$\text{মোট সময়} = (২ + ৪) = ৬ \text{ ঘণ্টা}$$

$$\text{মোট অতিক্রান্ত দূরত্ব} = (৫ + ৫) = ১০ \text{ মাইল}$$

$$\therefore \text{গড় বেগ} = \frac{১০}{৬} = \frac{৫}{৩} = ১ \frac{২}{৩} \text{ মাইল/ঘণ্টা}$$

৩০১. একজন মাঝি শ্রোতের অনুকূলে ১ ঘণ্টায় ৩ মাইল যায় এবং ৩ ঘণ্টায় যাত্রাহানে ফিরে আসে। তার মোট ভ্রমণে প্রতি ঘণ্টায় গড় বেগ কত?

সমাধান শর্টকাট পদ্ধতি: [প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২ (সুরমা)]

$$\text{মোট দূরত্ব} = (৩ + ৩) = ৬ \text{ মাইল}$$

$$\text{মোট সময়} = (১ + ৩) = ৪ \text{ ঘণ্টা}$$

$$\therefore \text{গড় বেগ} = \frac{৬}{৪} = ১ \frac{১}{২} \text{ মাইল/ঘণ্টা}$$

৩০২. একজন ব্যক্তি শ্রোতের প্রতিকূলে ১ মাইল/ঘণ্টা বেগে ৪ মাইল যায় এবং শ্রোতের অনুকূলে ৪ মাইল/ঘণ্টা বেগে পূর্বের অবস্থানে ফিরে আসে। তার গড় গতিবেগ কত?

সমাধান শর্টকাট পদ্ধতি: [২৬তম বিসিবিএফ]

$$\text{ধরি, প্রতিকূলে বেগ, } x = 1$$

$$\text{এবং অনুকূলে বেগ, } y = 4$$

$$\text{আমরা জানি, গড় গতিবেগ} = \frac{2xy}{x+y} = \frac{2 \times 1 \times 4}{1+4} = \frac{8}{5} = 1.6$$

বয়স

৩০৩. তিন ভাইয়ের গড় বয়স ১৬ বছর। পিতাসহ ৩ ভাইয়ের বয়সের গড় ২৫ বছর হলে, পিতার বয়স কত?

সমাধান [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় ধাপ)-১৯]

$$\text{তিন ভাইয়ের বয়সের সমষ্টি} = (৩ \times ১৬) = ৪৮ \text{ বছর}$$

$$\text{পিতাসহ তিন ভাইয়ের সমষ্টি} = (৪ \times ২৫) = ১০০ \text{ বছর}$$

$$\therefore \text{পিতার বয়স} = (১০০ - ৪৮) = ৫২ \text{ বছর।}$$

৩০৪. কোনো শ্রেণিতে ২০ ছাত্রের বয়সের গড় ১০ বছর। শিক্ষকসহ তাদের বয়সের গড় ১২ বছর হলে শিক্ষকের বয়স কত?

সমাধান [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২-বয়স]

$$২০ \text{ ছাত্রের বয়সের সমষ্টি} = (২০ \times ১০) = ২০০ \text{ বছর}$$

$$\text{শিক্ষকসহ ২১ জনের বয়সের সমষ্টি} = (২১ \times ১২) = ২৫২ \text{ বছর}$$

$$\text{শিক্ষকের বয়স} = (২৫২ - ২০০) = ৫২ \text{ বছর।}$$

৩০৫. পিতা ও দুই পুত্রের বয়স অপেক্ষা মাতা ও উক্ত দুই পুত্রের বয়সের গড় ২ বছর কম। মাতার বয়স ২৫ বছর হলে পিতার বয়স কত?

সমাধান শর্টকাট পদ্ধতি: [বিসিএসআইআর নিয়োগ পরীক্ষা-২০১৭]

$$\text{পিতার বয়স} = \text{মাতার বয়স} + \text{যতকম} \times \text{যতজন}$$

$$= ২৫ + ২ \times ৩ = ২৫ + ৬ = ৩১ \text{ বছর}$$

বিকল্প পদ্ধতি:

$$\text{পিতা ও দুই পুত্রের বয়সের গড় অপেক্ষা মাতা ও উক্ত দুই পুত্রের বয়সের গড়}$$

$$২ \text{ বছর কম অর্থাৎ পিতা ও মাতার বয়সের পার্থক্য হবে} = (২ \times ৩) = ৬ \text{ বছর}$$

$$\text{যেহেতু মাতার বয়স ২৫ বছর}$$

$$\text{তাই পিতার বয়স হবে} = (২৫ + ৬) = ৩১ \text{ বছর।}$$

৩০৬. পিতা ও পুত্রের বয়সের গড় ২০ বছর। ২ বছর পূর্বে দুই পুত্রের বয়সের গড় ছিল ১২ বছর। পিতার বয়স কত?

সমাধান | অর্থ মন্ত্রণালয়ের রুলস্টার আইটি অ্যাসিস্টেন্ট/ডাটা এন্ট্রি অপারেটর ২০১২।

পিতা ও পুত্রের বয়সের গড় ২০ বছর
 \therefore পিতা ও পুত্রের বয়সের সমষ্টি = $(২০ \times ২) = ৪০$ বছর
 ২ বছর পূর্বে দুই পুত্রের বয়সের সমষ্টি = $(১২ \times ২) = ২৪$ বছর
 বর্তমানে ২ পুত্রের বয়সের সমষ্টি = $(২৪ + ৪) = ২৮$ বছর
 \therefore বর্তমানে ১ পুত্রের বয়স = $(২৮ \div ২) = ১৪$ বছর
 \therefore পিতার বয়স = $(৪০ - ১৪) = ২৬$ বছর।

৩০৭. পিতা ও পুত্রের বয়স অপেক্ষা মাতা ও উক্ত দুই পুত্রের বয়সের গড় ২ বছর কম। পিতার বয়স ৩০ বছর হলে মাতার বয়স কত?

সমাধান | শর্টকাট পদ্ধতি: | প্রাথমিক বিদ্যালয় সহকারি শিক্ষক নিয়োগ-১০।

মাতার বয়স = পিতার বয়স - যতকম \times যতজন
 $= ৩০ - ২ \times ৩ = ৩০ - ৬ = ২৪$ বছর

৩০৮. পিতা ও পুত্রের বয়সের অনুপাত ৭ : ২ এবং ৫ বছর পরে তাদের বয়সের অনুপাত ৮ : ৩ হবে। তাদের বর্তমান বয়স কত?
 বাংলাদেশ ডাক বিভাগ (মেট্রোপলিটন সার্কেল) পরিদর্শক ২০১৬।

সমাধান | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (BBS) পরিসংখ্যান সহকারী ২০২০।

ধরি, পিতা ও পুত্রের বর্তমান বয়স যথাক্রমে $৭x$ ও $২x$
 প্রশ্নমতে, $\frac{৭x + ৫}{২x + ৫} = \frac{৮}{৩}$
 বা, $২১x + ১৫ = ১৬x + ৪০$
 বা, $২১x - ১৬x = ৪০ - ১৫$
 বা, $৫x = ২৫$
 $\therefore x = ৫$
 পিতার বয়স = $৭x = ৭ \times ৫ = ৩৫$ বছর
 পুত্রের বয়স = $২x = ২ \times ৫ = ১০$ বছর।

৩০৯. পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৭৪ বছর এবং তাদের বয়সের অনুপাত ১০ বছর পূর্বে ছিল ৭ : ২। ১০ বছর পরে তাদের বয়সের অনুপাত কত হবে?
 অর্থ মন্ত্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর উপপরিদর্শক-২০১৩।

সমাধান

ধরি, পিতার বর্তমান বয়স x বছর
 পুত্রের বর্তমান বয়স $(৭৪ - x)$ বছর
 প্রশ্নমতে, $(x - ১০) : (৭৪ - x - ১০) = ৭ : ২$
 $\frac{x - ১০}{৬৪ - x} = \frac{৭}{২}$
 বা, $২x - ২০ = ৪৪৮ - ৭x$
 বা, $৭x + ২x = ৪৪৮ + ২০$
 বা, $৯x = ৪৬৮$
 $\therefore x = \frac{৪৬৮}{৯} = ৫২$
 \therefore ১০ বছর পর বয়সের অনুপাত হবে = $(x + ১০) : ((৭৪ - x) + ১০)$
 $= (৫২ + ১০) : ((৭৪ - ৫২) + ১০)$
 $= ৬২ : ৩২ = ৩১ : ১৬$

৩১০. ১০ বছর আগে ক এর বয়স ছিল খ এর বয়সের অর্ধেক। যদি তাদের বর্তমান বয়সের অনুপাত ৩ : ৪ হয়, তবে তাদের বর্তমানে মোট বয়স কত?

সমাধান | প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২।

ধরি, ক এর বর্তমান বয়স = $৩x$ বছর
 খ এর বর্তমান বয়স = $৪x$ বছর
 ১০ বছর আগে ক এবং খ এর বয়স ছিল = $(৩x - ১০)$ ও $(৪x - ১০)$ বছর

শর্তমতে, $২(৩x - ১০) = (৪x - ১০)$

বা, $৬x - ২০ = ৪x - ১০$

বা, $২x = ১০$

$\therefore x = ৫$

তবে তাদের বর্তমানে মোট বয়স = $(৩x + ৪x)$

$= ৩ \times ৫ + ৪ \times ৫ = ১৫ + ২০ = ৩৫$

৩১১. এক ব্যক্তি তার জীৱ চেয়ে ৫ বছরের বড়। তার জীৱ বয়স ছেলের বয়সের ৪ গুণ। ৫ বছর পরে ছেলের বয়স ১২ বছর হলে বর্তমান ঐ ব্যক্তির বয়স কত?
 ১২তম বিসিবিএস।

সমাধান

৫ বছর পর ছেলের বয়স হবে ১২ বছর।
 \therefore বর্তমানে ছেলের বয়স = $(১২ - ৫) = ৭$ বছর।
 \therefore জীৱ বয়স = $৪ \times$ ছেলের বয়স = $(৪ \times ৭) = ২৮$ বছর।
 উক্ত ব্যক্তির বয়স = $(২৮ + ৫) = ৩৩$ বছর।

৩১২. পিতা ও কন্যার বয়সের সমষ্টি ৮০ বছর। পিতার বয়স কন্যার বয়সের ৪ গুণ। কন্যার বয়স কত?
 সহ.পরিচালক, পরিবেশ অধি: ২০১১।

সমাধান | শর্টকাট পদ্ধতি:

এখানে, $(৪ + ১) = ৫$ গুণের মান ৮০
 \therefore " " " = $\frac{৮০}{৫} = ১৬$
 \therefore কন্যার বয়স (১ গুণ) ১৬ বছর।

বিকল্প পদ্ধতি:

ধরি, কন্যার বয়স x বছর
 \therefore পিতার " = $৪x$
 প্রশ্নমতে, $x + ৪x = ৮০$
 বা, $৫x = ৮০$
 $\therefore x = \frac{৮০}{৫} = ১৬$
 \therefore কন্যার বয়স ১৬ বছর।

৩১৩. পিতার বয়স পুত্রের বয়স অপেক্ষা ২ বছর বেশি। পিতার বয়স ৬২ বছর হলে পুত্রের বয়স কত?

সমাধান

প্রশ্নটিতে ভুল আছে। সঠিক হবে পিতার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ অপেক্ষা ২ বছর বেশি।
 মনে করি, পুত্রের বয়স = x
 প্রশ্নমতে, $২x + ২ = ৬২$
 বা, $২x = ৬২ - ২$
 $\therefore x = \frac{৬০}{২} = ৩০$
 \therefore পুত্রের বয়স ৩০ বছর।

৩১৪. পিতার বর্তমান বয়স পুত্রের বয়সের চার গুণ। ৬ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের দশগুণ ছিল। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত?
 ২০তম বিসিবিএস।

সমাধান

ধরি, পুত্রের বর্তমান বয়স x বছর
 \therefore পিতার " " $৪x$ "
 প্রশ্নমতে, $৪x - ৬ = (x - ৬) \times ১০$
 বা, $৪x - ৬ = ১০x - ৬০$
 বা, $৪x - ১০x = - ৬০ + ৬$
 বা, $- ৬x = - ৫৪$
 $\therefore x = \frac{৫৪}{৬} = ৯$
 \therefore পিতার বর্তমান বয়স = $(৪ \times ৯) = ৩৬$ বছর
 পুত্রের " " = ৯ বছর

পরিমাপ

৩২৯. এক নটিক্যাল মাইল সমান কত ফুট?

সমাধান

[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২০ (৩য় ধাপ)]

১ নটিক্যাল মাইল = ৬০৮০ ফুট।

৩৩০. ১৬৭২০ ফুট সমান কত নটিক্যাল মাইল?

সমাধান

[মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-২০০৬]

৬০৮০ ফুট = ১ নটিক্যাল মাইল

$$\therefore ১ \text{ " } = \frac{১}{৬০৮০} \text{ " "}$$

$$\therefore ১৬৭২০ \text{ " } = \frac{১৬৭২০}{৬০৮০} = ২.৭৫ \text{ নটিক্যাল মাইল}$$

৩৩১. শিহাব ১৬০০০ মিটার দৌড়ালে, সে কত কিলোমিটার দৌড়েছিল?

সমাধান

[৮ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা ২০১৩]

$$১৬০০০ \text{ মিটার} = \frac{১৬০০০}{১০০০} \text{ কিলোমিটার} \quad [\because ১০০০ \text{ মিটার} = ১ \text{ কিলোমিটার}]$$

$$= ১৬ \text{ কিলোমিটার}$$

৩৩২. ৫ মিটার, ১৫ সেন্টিমিটার ও ১৫ মিলিমিটার সমান কত মিলিমিটার?

সমাধান

[সমবায় অধিদপ্তর (মাঠ সহকারী) পরীক্ষা ২০১৮]

৫ মিটার ১৫ সে.মি. ১৫ মি.মি.

$$= (৫ \times ১০০০) \text{ মি.মি.} + (১৫ \times ১০) \text{ মি.মি.} + ১৫ \text{ মি.মি.}$$

$$= ৫০০০ \text{ মি.মি.} + ১৫০ \text{ মি.মি.} + ১৫ \text{ মি.মি.}$$

$$= ৫১৬৫ \text{ মিলিমিটার}$$

৩৩৩. একটি দণ্ডের দৈর্ঘ্য ১৯ মিটার ৫ সেন্টিমিটার। দণ্ডটির দৈর্ঘ্য মিটারে প্রকাশ করলে কত হবে?

সমাধান

[ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন ডাক অধিদপ্তরের বিজ্ঞি ওভারসিয়ার-১৮]

$$১৯ \text{ মিটার } ৫ \text{ সেন্টিমিটার} = \left(১৯ + \frac{৫}{১০০} \right) \text{ মিটার}$$

$$= (১৯ + ০.০৫) \text{ "}$$

$$= ১৯.০৫ \text{ মিটার}$$

৩৩৪. ১ গজ = কত মিটার? [জ্ঞাননি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিরাপত্তা কর্মকর্তা-১৯]

সমাধান

$$১ \text{ গজ} = ৩ \text{ ফুট} = (৩ \times ১২) \text{ ইঞ্চি} = ৩৬ \text{ ইঞ্চি}$$

$$= (৩৬ \times ২.৫৪) \text{ সে.মি.} \quad [\because ১ \text{ ইঞ্চি} = ২.৫৪ \text{ সে.মি. (প্রায়)}]$$

$$= ৯১.৪৪ \text{ সে.মি.}$$

$$= \frac{৯১.৪৪}{১০০} \text{ মিটার} \quad [\because ১০০ \text{ সে.মি.} = ১ \text{ মিটার}]$$

$$= ০.৯১৪৪ \text{ মিটার} \quad [\because ১ \text{ গজ} = ০.৯১৪৪ \text{ মিটার (প্রায়)}]$$

$$= \frac{৫৫৫৯.৫৫২}{৩} = ১৮৫৩.১৮ \text{ মিটার}$$

৩৩৫. ৬ ফুট অস্তর বৃক্ষের চারা রোপণ করা হলে ১০০ গজ দীর্ঘ রাস্তায় সর্বোচ্চ কতগুলো চারা রোপণ করা যাবে?

সমাধান

[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২০ (১ম ধাপ)]

আমরা জানি, ১ গজ = ৩ ফুট

$$\therefore ১০০ \text{ গজ} = (৩ \times ১০০) = ৩০০ \text{ ফুট}$$

$$\therefore \text{চারগাছ রোপণ করা যাবে} = \left\{ \frac{৩০০}{৬} + ১ \right\} \text{ টি}$$

$$= (৫০ + ১) \text{ টি}$$

$$= ৫১ \text{ টি}$$

৩৩৬. C.G.S পদ্ধতিতে ভরের একক কী?

সমাধান

[প্রশাসনিক কর্মকর্তা নৌপরিবহন মন্ত্রণালয় ও প্রতিরক্ষা মন্ত্রণালয়: ২০১৩]

CGS এর পূর্ণরূপ হলো সেন্টিমিটার, গ্রাম, সেকেন্ড পদ্ধতি।

এ পদ্ধতিতে দৈর্ঘ্যের একক = সেন্টিমিটার

ভরের একক = গ্রাম

সময়ের একক = সেকেন্ড

৩৩৭. একটি পেন্সিলের ওজন ৫ গ্রাম। পেন্সিলটির ওজন মিলিগ্রামে কত হবে?

সমাধান

[কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারী কৃষি কর্মকর্তা-১৬]

একটি পেন্সিলের ওজন ৫ গ্রাম

$$= (৫ \times ১০০০) \text{ মিলিগ্রাম} \quad [\because ১ \text{ গ্রাম} = ১০০০ \text{ মিলিগ্রাম}]$$

$$= ৫০০০ \text{ মিলিগ্রাম}$$

৩৩৮. ১০ কিলোগ্রামে কত কুইন্টাল? [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-০৬]

সমাধান

১০০ কিলোগ্রাম = ১ কুইন্টাল

$$\therefore ১ \text{ " } = \frac{১}{১০০} \text{ "}$$

$$\therefore ১০ \text{ " } = \frac{১০}{১০০} = ০.১ \text{ কুইন্টাল}$$

৩৩৯. ১.৮ হেক্টর সমান কত একর?

সমাধান

[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা ২০১৮]

আমরা জানি, ১ হেক্টর = ২.৪৭ একর

$$\therefore ১.৮ \text{ " } = (১.৮ \times ২.৪৭) \text{ একর}$$

$$= ৪.৪৫ \text{ একর} = ৪.৫ \text{ একর (প্রায়)}$$

৩৪০. ১ বর্গ মিটার কত বর্গ সেন্টিমিটারের সমান?

সমাধান

[পশ্চি বিন্দুতায়ন বোর্ড সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৩]

১ বর্গমিটার = ১ মিটার \times ১ মিটার

$$= ১০০ \text{ সে.মি.} \times ১০০ \text{ সে.মি.}$$

$$= ১০০০০ \text{ বর্গ সে.মি.}$$

৩৪১. আয়তনের একক কোনটি?

সমাধান

[প্রাথমিক অধিদপ্তরের ডিএফও/এফও (এ/আই)/কম্পাউন্ডার/পোলি টেকনিশিয়ান-২০]

আয়তন = (দৈর্ঘ্য \times প্রস্থ \times উচ্চতা) ঘন একক

৩৪২. ১০০ গ্যালনে কত লিটার? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের নিয়োগ পরীক্ষা (NSI)-২০১৭]

সমাধান

১ গ্যালন = ৪.৫৫ লিটার

$$\therefore ১০০ \text{ গ্যালন} = (৪.৫৫ \times ১০০) = ৪৫৫ \text{ লিটার}$$

৩৪৩. যদি কাচ পানি অপেক্ষা ২.৫ গুণ বেশি ভারী হয় তবে ৪০ ঘন সেন্টিমিটার কাচের ওজন কত?

সমাধান

[স্থানীয় সরকার, পশ্চি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (সিভিল)-১৭]

৪০ ঘন সেন্টিমিটার কাচের ওজন

$$= (৪০ \times ২.৫) \text{ ঘন সেন্টিমিটার পানির ওজন}$$

$$= ১০০ \text{ ঘন সেন্টিমিটার পানির ওজন}$$

$$= ১০০ \text{ গ্রাম} \quad [\because ১ \text{ ঘন সেন্টিমিটার পানির ওজন} = ১ \text{ গ্রাম}]$$

৩৪৪. ৯ কোটি সমান কত? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২০ (২য় ধাপ)]

সমাধান

আমরা জানি, ১ কোটি = ১০ মিলিয়ন

$$\therefore ৯ \text{ কোটি} = (৯ \times ১০) = ৯০ \text{ মিলিয়ন}$$

৩৪৫. ১ বিলিয়ন কত মিলিয়ন? [৮ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা ২০১৩]

সমাধান

১ বিলিয়ন = ১০০ কোটি

$$= (১০০ \times ১০) \text{ মিলিয়ন} \quad [\because ১ \text{ কোটি} = ১০ \text{ মিলিয়ন}]$$

$$= ১০০০ \text{ মিলিয়ন}$$

৩৪৬. দশ মাইক্রোফ্যারাডকে ফ্যারাডে প্রকাশ করলে হয়—

সমাধান

[শিক্ষা অধিদপ্তরের অধীন কারিগরি শিক্ষা জুনিয়র ইন্সট্রাক্টর: ০৫]

$$১ \text{ মাইক্রো} = 10^{-6}$$

$$\therefore ১ \text{ মাইক্রো ফ্যারাড} = 10^{-6} \text{ ফ্যারাড}$$

$$\therefore ১০ \text{ " " } = 10 \times 10^{-6} \text{ ফ্যারাড}$$

বীজগণিতীয় সূত্রাবলি ও মান নির্ণয়

৩৪৭. $(2x + 1)$ এর বর্গ কত?

[বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড সহকারী ব্যবস্থাপক ডেইনি জেনারেল ২০২১]

সমাধান

$$\begin{aligned} (2x + 1) \text{ এর বর্গ} &= (2x + 1)^2 \\ &= (2x)^2 + 2 \times 2x \times 1 + 1^2 \\ &= 4x^2 + 4x + 1 \end{aligned}$$

৩৪৮. $x^2 + y^2 = 8$ এবং $xy = 7$ হলে $(x + y)^2$ এর মান কত?

[পরিবেশ অধিদপ্তর কম্পিউটার অপারেটর ২০২০]

সমাধান

$$\begin{aligned} \text{আমরা জানি, } (x + y)^2 &= x^2 + y^2 + 2xy \\ &= 8 + (2 \times 7) = 8 + 14 = 22 \end{aligned}$$

৩৪৯. যদি $(x - y)^2 = 12$ এবং $xy = 1$ হয়, তবে $x^2 + y^2 =$ কত?

[প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৯ (১ম ধাপ)]

সমাধান

$$\begin{aligned} x^2 + y^2 &= (x - y)^2 + 2xy \\ &= 12 + 2 \cdot 1 = 12 + 2 = 14 \end{aligned}$$

৩৫০. $a + b = 7$, $ab = 10$ হলে $(a - b)^2 =$ কত?

[ডাক বিভাগের পোস্টাল অপারেটর-২০১৬]

সমাধান

$$\begin{aligned} (a - b)^2 &= (a + b)^2 - 4ab \\ &= (7)^2 - 4 \times 10 \\ &= 49 - 40 = 9 \end{aligned}$$

৩৫১. $x + y = 17$ এবং $xy = 60$ হলে $x - y =$ কত?

[কারিগরি শিক্ষা অধিদপ্তর ২০২১; প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৯ (১ম ধাপ)]

সমাধান

$$\begin{aligned} \text{আমরা জানি, } (x - y)^2 &= (x + y)^2 - 4xy \\ &= (17)^2 - 4 \times 60 \\ &= 289 - 240 = 49 \\ \therefore x - y &= \pm \sqrt{49} = \pm 7 \end{aligned}$$

৩৫২. $a + b = \sqrt{3}$, $a - b = \sqrt{2}$ হলে $4ab$ এর মান কত?

[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অফিস সহায়ক ২০২০]

সমাধান

$$\begin{aligned} \text{আমরা জানি, } 4ab &= (a + b)^2 - (a - b)^2 \\ &= (\sqrt{3})^2 - (\sqrt{2})^2 = 3 - 2 = 1 \end{aligned}$$

৩৫৩. $x + y = 12$ এবং $x - y = 2$ হলে, xy -এর মান কত?

[২৩তম বিসিএস; প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ-২০২০ (১ম ধাপ)]

সমাধান

$$\begin{aligned} 4xy &= (x + y)^2 - (x - y)^2 \\ &= (12)^2 - (2)^2 \\ &= 144 - 4 = 140 \\ \therefore xy &= \frac{140}{4} = 35 \end{aligned}$$

সরাসরি xy এর সূত্র ব্যবহার করেও অংকটি করা যাবে।

৩৫৪. $x + y = 12$ এবং $x - y = 8$ হলে, xy এর মান কত?

[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৪ (অনু: ২০১৮)]

সমাধান

$$\begin{aligned} 4xy &= (x + y)^2 - (x - y)^2 \\ &= (12)^2 - (8)^2 = 144 - 64 = 80 \\ \therefore xy &= \frac{80}{4} = 20 \end{aligned}$$

৩৫৫. $a + b = 7$ এবং $a^2 + b^2 = 25$ হলে নিচের কোনটি ab -এর মান হবে?

[৩০তম বিসিএস]

সমাধান

$$\begin{aligned} (a + b)^2 &= a^2 + 2ab + b^2 \\ \text{বা, } (a + b)^2 &= (a^2 + b^2) + 2ab \\ \text{বা, } (7)^2 &= 25 + 2ab \\ \text{বা, } 2ab &= 49 - 25 = 24 \\ \therefore ab &= \frac{24}{2} = 12 \end{aligned}$$

৩৫৬. $a + b = \sqrt{5}$, $a - b = \sqrt{3}$ $a^2 + b^2 = ?$

[উপজেলা মহিলা কর্মকর্তা: ০৫; PKB-E(0)-2017]

সমাধান

$$\begin{aligned} \text{আমরা জানি, } 2(a^2 + b^2) &= (a + b)^2 + (a - b)^2 \\ &= (\sqrt{5})^2 + (\sqrt{3})^2 = 5 + 3 = 8 \\ \therefore a^2 + b^2 &= \frac{8}{2} = 4 \end{aligned}$$

৩৫৭. $a - b = 2$ এবং $ab = 24$ হলে $a^2 - b^2 = ?$

[I.C.T.E.D-এর বিমান সহকারী ২০২১]

সমাধান

$$\begin{aligned} \text{আমরা জানি, } (a + b)^2 &= (a - b)^2 + 4ab \\ &= (2)^2 + 4 \cdot 24 = 4 + 96 = 100 \\ \therefore a + b &= \pm 10 \\ \therefore a^2 - b^2 &= (a + b)(a - b) = (\pm 10) \times 2 = \pm 20 \end{aligned}$$

৩৫৮. $a + b = 7$ এবং $ab = 12$ হলে, $\frac{1}{a^2} + \frac{1}{b^2}$ এর মান কত?

[৪৩তম বিসিএস]

সমাধান

$$\begin{aligned} \frac{1}{a^2} + \frac{1}{b^2} &= \frac{a^2 + b^2}{a^2 b^2} \\ &= \frac{(a + b)^2 - 2ab}{(ab)^2} = \frac{7^2 - 2 \times 12}{(12)^2} = \frac{49 - 24}{144} = \frac{25}{144} \end{aligned}$$

৩৫৯. $a^2 - b^2 = 45$ এবং $a - b = 3$ হলে ab -এর মান কত?

[পরিচালনা মন্ত্রণালয়: পরি-০৬]

সমাধান

$$\begin{aligned} (a^2 - b^2) &= 45 \\ \text{বা, } (a + b)(a - b) &= 45 \\ \text{বা, } (a + b) \times 3 &= 45 \\ \therefore (a + b) &= \frac{45}{3} = 15 \\ \therefore 4ab &= (a + b)^2 - (a - b)^2 \\ &= (15)^2 - (3)^2 = 225 - 9 = 216 \\ \therefore ab &= \frac{216}{4} = 54 \end{aligned}$$

৩৬০. $a + b + c = 9$, $a^2 + b^2 + c^2 = 29$ হলে, $ab + bc + ca =$ কত?

[প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৯ (৩য় ধাপ-১)]

সমাধান

$$\begin{aligned} \text{আমরা জানি, } (a + b + c)^2 &= a^2 + b^2 + c^2 + 2(ab + bc + ca) \\ \text{বা, } 2(ab + bc + ca) &= 9^2 - 29 \\ \text{বা, } ab + bc + ca &= \frac{81 - 29}{2} \\ \therefore ab + bc + ca &= 26 \end{aligned}$$

৩৬১. $x^2 - \sqrt{5}x + 1 = 0$ হলে, $x^2 + \frac{1}{x^2}$ এর মান কত?

[প্রতিষ্ঠান মন্ত্রণালয়ে সহ: পরি- ২০১৮]

সমাধান

$$\begin{aligned} 125(\sqrt{5})^{2x} &= 1 \\ \text{বা, } 5^3 \times \left(\frac{1}{5}\right)^{2x} &= 1 \\ \text{বা, } 5^3 \times 5^{-2x} &= 1 \text{ [}\because (a^m)^n = a^{mn}\text{]} \\ \text{বা, } 5^3 \times 5^x &= 1 \\ \text{বা, } 5^{3+x} &= 1 \text{ [}\because a^m \cdot a^n = a^{m+n}\text{]} \\ \text{বা, } 5^{3+x} &= 5^0 \text{ [}a^0 = 1 \text{ সূত্রানুসারে]} \\ \text{বা, } 3+x &= 0 \\ \therefore x &= -3 \end{aligned}$$

৪৭৯. $(\sqrt{3})^{x+1} = (\sqrt[3]{3})^{2x-1}$ হলে x এর মান কত?

[৩৬তম বিসিএস সিবিডি]

সমাধান

$$\begin{aligned} (\sqrt{3})^{x+1} &= (\sqrt[3]{3})^{2x-1} \\ \text{বা, } \left(\frac{1}{3}\right)^{x+1} &= \left(\frac{1}{3}\right)^{2x-1} \\ \text{বা, } 3^{\frac{1}{2}(x+1)} &= 3^{\frac{1}{3}(2x-1)} \text{ [}\because (a^m)^n = a^{mn} \text{ সূত্রানুসারে]} \\ \text{বা, } \frac{1}{2}(x+1) &= \frac{1}{3}(2x-1) \text{ [}\because \text{ উভয়পক্ষের ভিত্তি সমান]} \\ \text{বা, } \frac{x+1}{2} &= \frac{2x-1}{3} \\ \text{বা, } 2(2x-1) &= 3(x+1) \text{ [আড়াআড়ি গুণন]} \\ \text{বা, } 4x-2 &= 3x+3 \\ \text{বা, } 4x-3x &= 3+2 \\ \therefore x &= 5 \end{aligned}$$

৪৮০. $4^x + 4^{1-x} = 4$ হলে, $x =$ কত?

[৩৩তম বিসিএস]

সমাধান

শর্টকাট পদ্ধতি:

অপনন (গ), $x = \frac{1}{2}$ হলে,

বামপক্ষ = $4^{\frac{1}{2}} + 4^{1-\frac{1}{2}} = 4^{\frac{1}{2}} + 4^{\frac{1}{2}} = 4^{\frac{1}{2}} = 4 =$ ডানপক্ষ

৪৮১. $2^x + 2^{1-x} = 3$ হলে $x =$ কত? [৩৬তম বিসিএস, ৩৬তম বিসিএস সিবিডি]

সমাধান

শর্টকাট পদ্ধতি:

অপনন থেকে সমাধান করলে খুব সহজ হয়।

$x = 0$ হলে $2^x + 2^{1-x} = 2^0 + 2^{1-0} = 2^0 + 2 = 1 + 2 = 3$

আবার, $x = 1$ হলে, $2^1 + 2^{1-1} = 2^1 + 2^0 = 2 + 1 = 3$

$\therefore x$ এর মান $(0, 1)$

৪৮২. $3 \cdot 2^n - 4 \cdot 2^{n-2} =$ কত?

সমাধান শর্টকাট পদ্ধতি: [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারি-২০২০]

$$\begin{aligned} & 3 \cdot 2^n - 4 \cdot 2^{n-2} \\ &= 3 \times 2^n - 2^2 \times 2^{n-2} \\ &= 3 \times 2^n - 2^2 \cdot 2^{n-2} [a^m \times a^n = a^{m+n} \text{ সূত্রানুসারে}] \\ &= 3 \times 2^n - 2^n \\ &= 2^n(3-1) = 2^n \times 2 = 2^n \times 2^1 = 2^{n+1} \end{aligned}$$

৪৮৩. $\frac{4^x - 1}{2^x - 1}$ এর মান কোনটি? $(2^x - 1/2^x + 1/2^{x+1}/2^{x-1})$

সমাধান শর্টকাট পদ্ধতি: [তথ্য মন্ত্রণা, অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধি, ক্যামেরাম্যান-১৯]

$$\frac{4^x - 1}{2^x - 1} = \frac{(2^x)^2 - 1}{2^x - 1} = \frac{(2^x)^2 - 1^2}{2^x - 1} = \frac{(2^x + 1)(2^x - 1)}{(2^x - 1)} = 2^x + 1$$

৪৮৪. $\frac{5^{n+2} + 35 \times 5^{n-1}}{4 \cdot 5^n} =$ কত?

সমাধান [৩৩তম বিসিএস: ১২তম শিক্ষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়)-২০১৫]

$$\begin{aligned} & \frac{5^{n+2} + 35 \times 5^{n-1}}{4 \cdot 5^n} \\ &= \frac{5^n \times 5^2 + 5 \times 7 \times 5^{n-1}}{4 \times 5^n} [a^m \cdot a^n = a^{m+n} \text{ সূত্রানুসারে}] \\ &= \frac{5^n \times 25 + 7 \times 5^{1+n-1}}{4 \times 5^n} \\ &= \frac{5^n \times 25 + 7 \times 5^n}{4 \times 5^n} = \frac{5^n(25+7)}{4 \times 5^n} = \frac{32}{4} = 8 \end{aligned}$$

৪৮৫. $\frac{5 \cdot 3^n - 27 \cdot 3^{n-2}}{3^n - 3^{n-1}}$ এর মান-

সমাধান [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা নিয়োগ-২০১৮]

$$\begin{aligned} & \frac{5 \cdot 3^n - 27 \cdot 3^{n-2}}{3^n - 3^{n-1}} \\ &= \frac{5 \times 3^n - 27 \times \frac{3^n}{3^2}}{3^n - \frac{3^n}{3}} [a^m/a^n = a^{m-n} \text{ সূত্রানুসারে}] \\ &= \frac{3^n \left(5 - \frac{27}{9}\right)}{3^n \left(1 - \frac{1}{3}\right)} = \frac{5 \times 9 - 27}{9} = \frac{18}{9} = 2 \times \frac{3}{2} = 3 \end{aligned}$$

৪৮৬. যদি $a^x = b$, $b^y = c$ এবং $c^z = a$ হয় তবে xyz এর মান কত?

সমাধান [১৬তম শিক্ষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়)-২০১৯]

দেওয়া আছে, $a^x = b$, $b^y = c$, $c^z = a$

এখানে, $c^z = a$

বা, $(b^y)^z = a$ [$\because b^y = c$]

বা, $b^{yz} = a$

বা, $(a^x)^{yz} = a$ [$\because b^y = c$]

বা, $a^{xyz} = a^1$

$\therefore pqr = 1$

লগারিদম

৪৮৭. কোন শর্তে $\log_a a = 1$? [১৪তম শিক্ষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়)-২০১৭]

সমাধান

$\log_a a = 1$ হবে যখন, $a > 0$ এবং $a \neq 1$

৪৮৮. কোন শর্তে $\log \frac{1}{a} = 0$?

[৪০তম বিসিএস]

সমাধান

$\log \frac{1}{a} = 0$ হবে যখন, $a > 0$ এবং $a \neq 1$ (ব্রতরসিদ্ধ)।

৪৮৯. $\log_2 8 =$ কত?

[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহ: পরি: ২০১৮]

সমাধান

$$\begin{aligned} \log_2 8 &= \log_2 2^3 = 3 \log_2 2 \\ &= 3 \times 1 [\log_a a = 1 \text{ সূত্রানুসারে}] \\ &= 3 \end{aligned}$$

৪৯০. $\log_3 27$ এর মান কত?

[৯ম শিক্ষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়)-২০১৩]

সমাধান

$$\log_3 27 = \log_3 3^3 = 3 \log_3 3 = 3 \times 1 = 3$$

৪৯১. $\log_3 \frac{1}{9}$ এর মান-

[৫৩তম বিসিএস]

সমাধান

$$\begin{aligned} \log_3 \frac{1}{9} &= \log_3 3^{-2} = \log_3 3^{-2} \\ &= -2 \log_3 3 = -2 \times 1 [\log_a a = 1 \text{ সূত্রানুসারে}] \\ &= -2 \end{aligned}$$

৪৯২. $\log_8 2 =$ কত?

[প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৯ (৪র্থ খাপ-২)]

সমাধান

$$\log_8 2 = \log_8 \sqrt[3]{2^3} = \log_8 \sqrt[3]{8} = \log_8 8^{\frac{1}{3}} = \frac{1}{3} \log_8 8 = \frac{1}{3} \times 1 = \frac{1}{3}$$

৪৯৩. $\log_{\sqrt{3}} 81$ এর মান কত?

[১১তম শিক্ষক নিবন্ধন (ফুল-২/সমপর্যায়)-২০১৪]

সমাধান

$$\begin{aligned} \log_{\sqrt{3}} 81 &= \log_{\sqrt{3}} 3^4 = \log_{\sqrt{3}} \{(\sqrt{3})^2\}^2 \\ &= \log_{\sqrt{3}} (\sqrt{3})^8 = 8 \log_{\sqrt{3}} \sqrt{3} = 8 \end{aligned}$$

৪৯৪. $\log_{\sqrt{5}} 20$ এর মান-

[১৩তম শিক্ষক নিবন্ধন (ফুল/সমপর্যায়)-২০১৩]

সমাধান

$$\begin{aligned} \log_{\sqrt{5}} 20 &= \log_{\sqrt{5}} 4 \times 5 \\ &= \log_{\sqrt{5}} (2\sqrt{5})^2 \\ &= 2 \log_{\sqrt{5}} 2\sqrt{5} \\ &= 2 \times 1 = 2 \end{aligned}$$

৪৯৫. ৩২ এর ২ ভিত্তিক লগারিদম কত?

[১৩তম বিসিএস]

সমাধান

[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২০ (১ম খাপ)]

$$\begin{aligned} 32 \text{ এর } 2 \text{ ভিত্তিক লগারিদম} &= \log_2 32 \\ &= \log_2 2^5 \\ &= 5 \log_2 2 = 5 \times 1 [\log_a a = 1 \text{ সূত্রানুসারে}] \\ &= 5 \end{aligned}$$

৪৯৬. $\log_5 x = 3$ হলে $x =$ কত? [প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৯ (৪র্থ ধাপ-৪)]

সমাধান

$$\log_5 x = 3$$

$$\text{বা, } x = 5^3$$

$$\therefore x = 125$$

৪৯৭. যদি $\log_{10} x = -1$ হয়, তাহলে নিচের কোনটি x এর মান?

$$(0.1 / 0.01 / \frac{1}{10000} / 0.001)$$

সমাধান

$$\log_{10} x = -1$$

$$\therefore x = 10^{-1} = \frac{1}{10} = 0.1$$

৪৯৮. $\log_x \left(\frac{1}{8}\right) = -2$ হলে $x =$ কত? [৩২তম বিসিএস]

সমাধান

$$\log_x \left(\frac{1}{8}\right) = -2$$

$$\text{বা, } x^{-2} = \frac{1}{8} \text{ [log তুলে দিলে পাওয়ার ও প্রদত্ত মান স্থান বিনিময় করে]}$$

$$\text{বা, } \frac{1}{x^2} = \frac{1}{8} \text{ [} a^{-n} = \frac{1}{a^n} \text{ সূত্রানুযায়ী]}$$

$$\text{বা, } x^2 = 8 \text{ [আড়াআড়ি গুণন]}$$

$$\text{বা, } x = \sqrt{8} \text{ [বর্গমূল করে]}$$

$$= \sqrt{2 \times 4} = 2\sqrt{2}$$

৪৯৯. $\log_{\frac{1}{9}} x = -2$ হলে, x -এর মান কোনটি? [৩২তম বিসিএস (বিশেষ)]

$$(3 / 2 / \frac{1}{3} / -\frac{1}{3})$$

সমাধান

$$\log_{\frac{1}{9}} x = -2$$

$$\text{বা, } x^{-2} = \frac{1}{9} \text{ [log তুলে দিলে পাওয়ার ও প্রদত্ত মান স্থান বিনিময় করে]}$$

$$\text{বা, } \frac{1}{x^2} = \frac{1}{9} \text{ [} a^{-n} = \frac{1}{a^n} \text{ সূত্রানুযায়ী]}$$

$$\text{বা, } x^2 = 9 \text{ [আড়াআড়ি গুণন]}$$

$$\therefore x = \sqrt{9} = \sqrt{3 \times 3} = 3$$

৫০০. $\log_{\sqrt{5}} 400 = x$ হলে x এর মান কত? [৩৩তম বিসিএস চিহ্নিত]

সমাধান

$$\log_{\sqrt{5}} 400 = x$$

$$\text{বা, } (2\sqrt{5})^x = 400 \text{ [log তুলে দিলে পাওয়ার ও প্রদত্ত মান স্থান বিনিময় করে]}$$

$$\text{বা, } (2\sqrt{5})^x = 16 \times 25 \text{ [400 কে দুটি বর্গ সংখ্যায় ভাঙা হলো]}$$

$$\text{বা, } (2\sqrt{5})^x = 2^4 \times 5^2$$

$$\text{বা, } (2\sqrt{5})^x = 2^4 \times (\sqrt{5})^4$$

$$\text{বা, } (2\sqrt{5})^x = (2\sqrt{5})^4$$

$$\therefore x = 4 \text{ [} \because \text{ উভয়পক্ষের ভিত্তি সমান]}$$

৫০১. $5 \log 3 - \log 9 =$ কত? [১২তম শিক্ষক নিবন্ধন (মূল/সমপর্যায়)-২০১৫]

সমাধান

$$5 \log 3 - \log 9 = \log 3^5 - \log 9$$

$$= \log 243 - \log 9$$

$$= \log(243 \div 9)$$

$$= \log 27$$

৫০২. $2 \log_{10} 5 + \log_{10} 36 - \log_{10} 9 = ?$

সমাধান

$$2 \log_{10} 5 + \log_{10} 36 - \log_{10} 9$$

$$= \log_{10} 25 + \log_{10} 36 - \log_{10} 9$$

$$= \log_{10} (25 \times 36) - \log_{10} 9$$

$$= \log_{10} \frac{25 \times 36}{9}$$

$$= \log_{10} 100$$

$$= \log_{10} 10^2$$

$$= 2$$

ধারা

৫০৩. $5 + 8 + 11 + 14 + \dots$ ধারাটির কততম পদ 302?

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\text{পদ সংখ্যা} = \frac{\text{শেষপদ} - 1\text{ম পদ}}{\text{সাধারণ অন্তর}} + 1$$

$$= \frac{302 - 5}{3} + 1 = \frac{297}{3} + 1 = 99 + 1 = 100$$

৫০৪. $1, 3, 5, \dots$ কোন পদ 383 হবে?

সমাধান শর্টকাট পদ্ধতি:

$$\text{পদ সংখ্যা} = \frac{\text{শেষপদ} - 1\text{ম পদ}}{\text{সাধারণ অন্তর}} + 1$$

$$= \frac{383 - 1}{2} + 1 = \frac{382}{2} + 1 = 191 + 1 = 192$$

৫০৫. একটি সমান্তর অনুক্রমে সাধারণ অন্তর 10 এবং 6-তম পদটি 52 হলে 15-তম পদটি-

সমাধান

$$\text{আমরা জানি, সমান্তর ধারার } n \text{ তম পদ} = a + (n - 1)d$$

$$\text{এখানে, ধারাটির } 1\text{ম পদ, } a$$

$$\text{সাধারণ অন্তর, } d = 10 \text{ এবং পদক্রম, } r = 6$$

$$\text{প্রশ্নমতে, } 6 \text{ তম পদ} = a + (6 - 1) \times 10 = 52$$

$$\text{বা, } a + 5 \times 10 = 52$$

$$\text{বা, } a + 50 = 52$$

$$\therefore a = 52 - 50 = 2$$

$$\therefore 15 \text{ তম পদ} = a + (n - 1)d = 2 + (15 - 1) \times 10$$

$$= 2 + 14 \times 10 = 142$$

৫০৬. $1 + 3 + 5 + \dots + 31 =$ কত?

সমাধান

$$\text{ধারাটির প্রথম পদ, } a = 1, \text{ শেষপদ, } p = 31$$

$$\text{সাধারণ অন্তর, } d = (3 - 1) = 2$$

$$\therefore \text{ পদসংখ্যা, } n = \frac{\text{শেষপদ} - 1\text{ম পদ}}{\text{সাধারণ অন্তর}} + 1 = \frac{31 - 1}{2} + 1$$

$$= \frac{30}{2} + 1 = 15 + 1 = 16$$

$$\therefore \text{ ধারাটির সমষ্টি, } S_n = \frac{n}{2} (a + p)$$

$$= \frac{16}{2} (1 + 31) = 8 \times 32 = 256$$

বিকল্প পদ্ধতি:

$$\text{আমরা জানি, } 1\text{ম } n \text{ সংখ্যক বিজোড় পদের যোগফল} = n^2$$

$$\text{এখানে ধারাটির } 16 \text{ টি বিজোড় পদের যোগফল} = (16)^2 = 256$$

৫০৭. $১ + ৫ + ৯ + \dots + ৮১ = ?$

সমাধান |৩৫তম বিসিএস ১০তম শিক্ষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়)-২০১৬|

ধারাটির ১ম পদ, $a = ১$, সাধারণ অন্তর, $d = (৫ - ১) = ৪$, শেষপদ, $p = ৮১$

শেষপদ - ১ম পদ
পদসংখ্যা, $n = \frac{\text{সাধারণ অন্তর}}{\text{শেষপদ - ১ম পদ}} + ১$

$$= \frac{৮১ - ১}{৪} + ১ = \frac{৮০}{৪} + ১ = ২০ + ১ = ২১$$

∴ পদগুলোর সমষ্টি, $S_n = \frac{n}{2}(a + p)$

$$= \frac{২১}{২}(১ + ৮১)$$

$$= \frac{২১}{২} \times ৮২ = ২১ \times ৪১ = ৮৬১$$

দ্রষ্টব্য: অঙ্কটি $S_n = \frac{n}{2}\{2a + (n-1)d\}$ সূত্র দিয়েও করা যেত। চেষ্টা করুন!!

৫০৮. একটি সমান্তর ধারার ১২তম পদ ৭৭ হলে, তার প্রথম ২৩ পদের সমষ্টি কত? |৮ম শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায়)-২০১২|

সমাধান

আমরা জানি, n তম পদ $= a + (n-1)d$

∴ ১২ তম পদ $= a + (12-1)d$

বা, $৭৭ = a + 11d$

∴ $a + 11d = ৭৭$

∴ n তম পদের সমষ্টি $= \frac{n}{2}\{2a + (n-1)d\}$

∴ ২৩ তম পদের সমষ্টি $= \frac{২৩}{২}\{2a + (23-1)d\}$

$$= \frac{২৩}{২}\{2a + ২২d\}$$

$$= \frac{২৩}{২} \times 2(a + 11d)$$

$$= ২৩ \times ৭৭$$

$$= ১৭৭১$$

৫০৯. $১ + ২ + ৩ + \dots + ১৯ =$ কত?

সমাধান শর্টকাট পদ্ধতি: |আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর- অফিস সহায়ক-২০|

এখানে, $n = ১৯$

$$\therefore \text{সমষ্টি} = \frac{১৯(১৯ + ১)}{২} = \frac{১৯ \times ২০}{২} = ১৯০$$

৫১০. $১ + ২ + ৩ + ৪ + \dots + ৯৯ =$ কত? |২৫তম বিসিএস|

সমাধান শর্টকাট পদ্ধতি: |বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্তৃক (সহ. প্রশাসনিক কর্মকর্তা)-২০|

এখানে, $n = ৯৯$

$$\therefore \text{সমষ্টি} = \frac{n(n+1)}{2} = \frac{৯৯(৯৯+1)}{2} = \frac{৯৯ \times ১০০}{2} = ৪৯৫০$$

৫১১. $\log 2 + \log 4 + \log 8 + \dots$ ধারাটির প্রথম ১০টি পদের সমষ্টি কত? |২৫তম বিসিএস|

সমাধান

$\log 2 + \log 4 + \log 8 + \dots + 10$ টি পদ

$= \log 2^1 + \log 2^2 + \log 2^3 + \dots + \log 2^{10}$

$= 1 \log 2 + 2 \log 2 + 3 \log 2 + \dots + 10 \log 2$

$= (1 + 2 + 3 + \dots + 10) \log 2$

$$= \frac{10(10+1)}{2} \log 2 \left[\frac{n(n+1)}{2} \text{ সূত্র প্রয়োগ করে} \right]$$

$$= 5 \times 11 \log 2$$

$$= 55 \log 2$$

৫১২. $১^২ + ২^২ + ৩^২ + \dots + (৪০)^২ =$ কত?

সমাধান

|২৩তম বিসিএস|

n সংখ্যক স্বাভাবিক সংখ্যার বর্গের সমষ্টি $= \frac{n(n+1)(2n+1)}{6}$

$$= \frac{৪০(৪০+১)(২ \times ৪০+১)}{6}$$

$$= \frac{২০}{৪} \times ৪১ \times \frac{২৭}{৪} = ২২১৪০$$

৫১৩. $১^৩ + ২^৩ + ৩^৩ + \dots + ১০^৩ =$ কত?

সমাধান

|সহকারী থানা শিক্ষা অফিসার ২০১০|

n সংখ্যক স্বাভাবিক সংখ্যার ঘন এর সমষ্টি $= \left\{ \frac{n(n+1)}{2} \right\}^২$

$$= \left\{ \frac{১০(১০+১)}{২} \right\}^২$$

$$= \left\{ \frac{১০ \times ১১}{২} \right\}^২$$

$$= (৫৫)^২ = ৩০২৫$$

৫১৪. একটি গুণোত্তর অনুক্রমের দ্বিতীয় পদটি -৪৮ এবং পঞ্চম পদটি $\frac{৩}{৪}$ হলে সাধারণ অনুপাত কত? |৩৫তম বিসিএস|

সমাধান

গুণোত্তর ধারার ১ম পদ a ও সাধারণ অনুপাত r হলে

n তম পদ $= ar^{n-1}$

১ম শর্তানুসারে, ২য় পদ $ar^{2-1} = -৪৮$ বা, $ar = -৪৮ \dots (i)$

২য় শর্তানুসারে, ৫ম পদ, $ar^{5-1} = \frac{৩}{৪}$ বা, $ar^4 = \frac{৩}{৪} \dots (ii)$

(i) নং সমীকরণ \div (ii) নং সমীকরণ দ্বারা পাই,

$$\frac{ar}{ar^4} = \frac{-৪৮}{\frac{৩}{৪}} \text{ বা, } \frac{1}{r^3} = -\frac{১৬}{৪} \times \frac{৪}{৩} = -64$$

$$\text{বা, } r^3 = -\frac{1}{64} = \left(-\frac{1}{4}\right)^3$$

$$\therefore r = -\frac{1}{4}$$

∴ ধারাটির সাধারণ অনুপাত $-\frac{1}{4}$ ।

৫১৫. $৩, ৮, ১৩, ১৮, \dots$ তালিকার পরবর্তী সংখ্যাটি কত?

সমাধান

প্রদত্ত তালিকা:

$৩, ৮, ১৩, ১৮, \dots$

পার্থক্য:

$\begin{matrix} ৩ & ৮ & ১৩ & ১৮ & \dots \\ & \swarrow & \searrow & \swarrow & \searrow \\ & ৫ & ৫ & ৫ & \dots \end{matrix}$

প্রতি পদের পার্থক্য ৫ করে বাড়ছে।

∴ পরবর্তী সংখ্যা $= ১৮ + ৫ = ২৩$

৫১৬. $৪, ৮, ১৩, ১৯, ২৬, \dots$ ধারাটির ৭ম পদ কত?

সমাধান

|প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৯ (৪র্থ ধাপ-১)|

প্রদত্ত তালিকা:

$৪, ৮, ১৩, ১৯, ২৬, \dots$

পার্থক্য:

$\begin{matrix} ৪ & ৮ & ১৩ & ১৯ & ২৬ & \dots \\ & \swarrow & \searrow & \swarrow & \searrow \\ & ৪ & ৫ & ৬ & ৭ & \dots \end{matrix}$

এখানে, প্রতিবার পার্থক্য ১ করে বৃদ্ধি পাচ্ছে।


∴ পরবর্তী ৬ষ্ঠ পদ $= ২৬ + (৭ + ১) = ২৬ + ৮ = ৩৪$

৭ম পদ $= ৩৪ + (৮ + ১) = ৩৪ + ৯ = ৪৩$

৫১৭. ৫, ৭, ১০, ১৪, ... ২৫ ধারার শূন্যস্থানের সংখ্যাটি কত?

[৪৪তম বিসিএস]

সমাধান



প্রতিবার পার্থক্য ১ করে বাড়ছে।

$$\therefore \text{শূন্যস্থানের সংখ্যাটি} = 18 + (8 + 1) = 18 + 9 = 27$$

৫১৮. ৮, ১১, ১৭, ২৯, ৫৩, ... পরবর্তী সংখ্যাটি কত?

[সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২০ (১ম খণ্ড)]

সমাধান

সংখ্যাগুলো ৮ ১১ ১৭ ২৯ ৫৩




পার্থক্য এখানে, দেখা যাচ্ছে যে, প্রতিবার পার্থক্য দ্বিগুণ করে বাড়তেছে।

$$\text{তাই পরবর্তী সংখ্যাটি হবে} = (53 + (28 \times 2)) = (53 + 56) = 109$$

৫১৯. এই সিরিজটিতে পরের সংখ্যাটি কত? ৩ ৫ ৮ ১৩ ২১

[৪৪তম বিসিএস]

সমাধান



৫২০. ৯, ৩৬, ৮১, ১৪৪, ... এর পরবর্তী সংখ্যা কত?

[২৪তম বিসিএস]

সমাধান

রাশিগুলো $3^2, 6^2, 9^2, 12^2, 15^2, \dots$ এভাবে দেয়া হয়েছে।

$$\text{অতএব, শূন্যস্থানে হবে } 15^2 = 225$$

৫২১. ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১, ৩৪, ... ধারাটির পরবর্তী সংখ্যা কত?

[২৩তম বিসিএস প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৯ (৩য় খণ্ড)]

সমাধান

$$1 + 2 = 3, 3 + 2 = 5, 5 + 3 = 8, 8 + 5 = 13, \\ 13 + 8 = 21, 21 + 13 = 34$$

বিন্যাস ও সমাবেশ

৫২২. MATHEMATICS শব্দটির অক্ষরগুলি দ্বারা কতভাবে বিন্যাস গঠন করা যায়?

[৩৩তম বিসিএস]

সমাধান

এখানে, $M = 2$ টি, $A = 2$ টি, $T = 2$ টি

$$\text{মোট বিন্যাস} = \frac{11!}{2!2!2!}$$

৫২৩. CALCUTTA শব্দটির বর্ণগুলোকে একত্রে নিয়ে বিন্যাস সংখ্যা AMERICA শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে বিন্যাস সংখ্যার কত গুণ?

[৩৩তম বিসিএস]

সমাধান

CALCUTTA শব্দটিতে বর্ণ আছে ৮ টি, এর মধ্যে C, A, T ২টি করে বিদ্যমান।

\therefore সবগুলো বর্ণ একত্রে নিয়ে বিন্যাস সংখ্যা

$$= \frac{8!}{2! \times 2! \times 2!} = \frac{8 \times 7 \times 6 \times 5 \times 4 \times 3 \times 2 \times 1}{2 \times 2 \times 2} = 3040$$

AMERICA শব্দটিতে বর্ণ আছে ৭টি, এর মধ্যে A রয়েছে ২টি।

\therefore সবগুলো বর্ণ একত্রে নিয়ে বিন্যাস সংখ্যা

$$= \frac{7!}{2!} = \frac{7 \times 6 \times 5 \times 4 \times 3 \times 2 \times 1}{2 \times 1} = 2520$$

\therefore CALCUTTA শব্দটির বিন্যাস সংখ্যা AMERICA শব্দটির বিন্যাস সংখ্যা অপেক্ষা $3040 \div 2520 = 2$ গুণ বেশি।

৫২৪. ১০টি আঙ্গুলে ১৩ টি আংটি কতভাবে পরা যায়?

সমাধান শর্টকাট পদ্ধতি:

$n =$ একাধিক গ্রহণ করতে পারে \rightarrow আঙ্গুল

$r =$ একাধিক আঙ্গুলে যেতে পারে \rightarrow আংটি

$$\therefore \text{উপায়} = n^r = 10^{13} \text{ টি}$$

৫২৫. Courage শব্দটির বর্ণগুলো নিয়ে কতগুলো বিন্যাস সংখ্যা নির্ণয় করা যায় যেন প্রত্যেক বিন্যাসের প্রথমে একটি স্বরবর্ণ থাকে?

[৩৩তম বিসিএস (সিবিপিও)]

সমাধান শর্টকাট পদ্ধতি:

Courage শব্দটিতে মোট বর্ণ ৭ টি। স্বরবর্ণ ৪টি- o, u, a, e এবং ব্যঞ্জনবর্ণ ৩টি c, r, g।

৪টি স্বরবর্ণের যেকোনো একটিকে বিন্যাসের প্রথমে রাখার উপায় = ৪

একটি স্বরবর্ণ সামনে রাখলে বাকি ৬টি কে সাজানোর উপায় = ৬!

$$= 4 \times 6! = 4 \times 720 = 2880$$

$$\therefore \text{মোট বিন্যাস} = 2880 \times 4 = 11520$$

৫২৬. একটি ফুটবল টুর্নামেন্টে ৬টি দল অংশগ্রহণ করেছে, একক লীগ পদ্ধতিতে খেলা হলে মোট কতটি খেলা পরিচালনা করতে হবে?

[বাংলাদেশ রেলওয়ে (সহ. স্টেশন মাস্টার)-২০১৮]

সমাধান

৬টি দল অংশগ্রহণ করে একক লীগ পদ্ধতিতে খেলা হলে প্রত্যেকের সাথে ১টি করে খেলা খেলবে।

$$\text{তাহলে মোট খেলা হবে} = {}^6C_2 = \frac{6 \times 5}{2 \times 1} = 15 \text{ টি।}$$

৫২৭. ৬ জন খেলোয়াড়কে সমান সংখ্যক দুইটি দলে কত ভাবে বিভক্ত করা যায়?

[৪০তম বিসিএস]

সমাধান

৬ জন খেলোয়াড়কে সমান সংখ্যক দুইটি দলে ভাগ করলে, প্রতি দলে ৩ জন খেলোয়াড় নেয়া যাবে।

$$\therefore \text{মোট বিভক্তি করা যায়} = {}^6C_3 = \frac{6 \times 5 \times 4}{1 \times 2 \times 3} = 20$$

৫২৮. একটি ত্রিদেশীয় ক্রিকেট খেলায় প্রত্যেকে অন্যদেশের সাথে একবার মাত্র খেলবে। মোট কয়টি খেলা অনুষ্ঠিত হবে?

সমাধান [সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের অধীন বিআরটিএ'র মোটরযান পরিদর্শক-২০১৭]

একটি ত্রিদেশীয় ক্রিকেট খেলায় প্রত্যেকে অন্যদেশের সাথে একবার মাত্র খেললে মোট খেলার সংখ্যা = 3C_2 টি।

$$\therefore {}^3C_2 = \frac{3 \times 2}{1 \times 1} = 3 \text{ টি}$$

৫২৯. ${}^nC_r + {}^nC_{r-1}$ এর সঠিক মান কোনটি?

$$({}^{n+1}C_r / {}^{n+1}C_{r+1} / {}^{n+1}C_{r-1})$$

সমাধান

[বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৭]

$${}^nC_r + {}^nC_{r-1} = {}^{n+1}C_r \text{ [অনুসিদ্ধান্ত]}$$

৫৩০. ${}^{2n}C_r = {}^{2n}C_{r+2}$ হলে r এর মান কত?

সমাধান

[পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক-২০০৭]

$${}^{2n}C_r = {}^{2n}C_{r+2}$$

$$\text{বা, } {}^{2n}C_r = {}^{2n}C_{2n-r-2}$$

$$\text{বা, } r = 2n - r - 2$$

$$\text{বা, } r + r = 2n - 2$$

$$\text{বা, } 2r = 2n - 2$$

$$\therefore r = \frac{2(n-1)}{2} = (n-1)$$

৫৩১. ${}^nC_{12} = {}^nC_6$ হলে n এর মান কত?

[৩৬তম বিসিএস (বিশেষ)]

সমাধান

$$\begin{aligned} {}^nC_{12} &= {}^nC_6 \\ \text{বা, } {}^nC_{n-12} &= {}^nC_6 \\ \text{বা, } n-12 &= 6 \\ \therefore n &= 12+6 = 18 \end{aligned}$$

৫৩২. 14 জন খেলোয়াড়ের মধ্যে থেকে নির্দিষ্ট একজন অধিনায়কসহ 11 জনের একটি ক্রিকেট দল কতভাবে বাছাই করা যাবে?

[৩৬তম বিসিএস]

সমাধান

$$\begin{aligned} \text{অধিনায়ককে আলাদা করে } (14-1) &= 13 \text{ জনের মধ্য থেকে } (11-1) \\ &= 10 \text{ জনকে বাছাই করতে হবে।} \\ \therefore \text{ বাছাই করার উপায় } {}^{13}C_{10} &= {}^{13}C_3 = \frac{13 \times 12 \times 11}{1 \times 2 \times 3} = 286 \end{aligned}$$

৫৩৩. 12 টি পুস্তক থেকে 5টি কত প্রকারে বাছাই করা যায় যেখানে 2টি পুস্তক সর্বদাই অন্তর্ভুক্ত থাকবে?

[৩৬তম বিসিএস]

সমাধান

$$\begin{aligned} \text{সর্বদাই অন্তর্ভুক্ত থাকা 2টি পুস্তককে আদালা করে } (12-2) &= 10 \text{ টি পুস্তক} \\ \text{থেকে } (5-2) &= 3 \text{ টি বাছাই করতে হবে।} \\ \therefore \text{ বাছাই করার উপায় } {}^{10}C_3 &= \frac{10 \times 9 \times 8}{1 \times 2 \times 3} = 120 \end{aligned}$$

৫৩৪. 4 জন মহিলা ও 6 জন পুরুষের মধ্য থেকে 4 সদস্য বিশিষ্ট একটি উপ-কমিটি গঠন করতে হবে যাতে 1 জন নির্দিষ্ট পুরুষ সর্বদায় উপস্থিত থাকেন। কত প্রকারে এই কমিটি গঠন করা যেতে পারে?

[৩৬তম বিসিএস]

সমাধান

$$\begin{aligned} \text{মোট সদস্য সংখ্যা} &= (4+6) = 10 \text{ জন।} \\ \text{এখন 1 জন নির্দিষ্ট পুরুষ বাদ দিয়ে } (10-1) &= 9 \text{ জন থেকে নিতে হবে} \\ (4-1) &= 3 \text{ জন।} \\ \therefore 9 \text{ জন থেকে 3 জন নেওয়ার উপায় } {}^9C_3 &= \frac{9 \times 8 \times 7}{1 \times 2 \times 3} = 84 \end{aligned}$$

৫৩৫. 16 জন লোকের একটি দল হতে 7 জনকে কতভাবে নির্বাচন করা যায়। যেখানে নির্দিষ্ট 4 জন লোক কখনই থাকবে না?

সমাধান

$$\begin{aligned} \text{নির্বাচন করার মোট উপায়} &= {}^{16-4}C_7 = {}^{12}C_7 \\ &= \frac{12 \times 11 \times 10 \times 9 \times 8 \times 7 \times 6}{1 \times 2 \times 3 \times 4 \times 5 \times 6 \times 7} \\ &= 792 \end{aligned}$$

৫৩৬. 10টি পুস্তক থেকে 3টি কতভাবে বাছাই করা যাবে। যেখানে ২টি পুস্তক সর্বদাই অন্তর্ভুক্ত থাকবে না?

সমাধান

$$\text{বাছাই করার উপায়} = {}^{10-2}C_3 = {}^8C_3 = \frac{8 \times 7 \times 6}{1 \times 2 \times 3} = 56$$

সম্ভাব্যতা

৫৩৭. চাকরি পাওয়ার সম্ভাবনা $\frac{8}{6}$ হলে চাকরি না পাওয়ার সম্ভাবনা কত?

সমাধান

[বাংলাদেশ রেলওয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৬]

$$\begin{aligned} \text{চাকরি পাওয়ার সম্ভাবনা} &= \frac{8}{6} \\ \therefore \text{ চাকরি না পাওয়ার সম্ভাবনা} &= \left(1 - \frac{8}{6}\right) = \frac{6-8}{6} = \frac{-2}{6} \end{aligned}$$

৫৩৮. আবহাওয়া অফিসের রিপোর্ট অনুযায়ী ২০১৫ জুলাই মাসের ২য় সপ্তাহে বৃষ্টি হয়েছে মোট 5 দিন। এই সপ্তাহে বুধবার বৃষ্টি না হওয়ার সম্ভাবনা কত?

সমাধান

[৩৬তম বিসিএস]

$$\begin{aligned} \text{সপ্তাহের 7 দিনের মধ্যে বৃষ্টি হয় 5 দিন।} \\ \therefore \text{ বৃষ্টি হওয়ার সম্ভাবনা} &= \frac{5}{7} \\ \therefore \text{ বুধবার বৃষ্টি না হওয়ার সম্ভাবনা} &= \left(1 - \frac{5}{7}\right) = \frac{7-5}{7} = \frac{2}{7} \\ \text{অর্থাৎ বৃষ্টি হওয়া ও না হওয়ার সম্ভাবনা মিলে 1 হয় এবং বৃষ্টি না হওয়া} \\ \text{দুদিনের যেকোনো একদিন হলো বুধবার।} \end{aligned}$$

৫৩৯. আবহাওয়া অফিসের রিপোর্ট অনুযায়ী ২০২২ সালের মে মাসে চতুর্থ সপ্তাহে বৃষ্টি হয়েছে মোট ৫ দিন। এই সপ্তাহে রবিবারে বৃষ্টি না হওয়ার সম্ভাবনা কত?

[প্রাইমারি সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২০ (৩য় ধাপ)]

সমাধান

$$\begin{aligned} \text{সপ্তাহের ৭ দিনের মধ্যে বৃষ্টি হয় ৫ দিন।} \\ \therefore \text{ বৃষ্টি হওয়ায় সম্ভাবনা} &= \frac{5}{7} \\ \therefore \text{ রবিবার বৃষ্টি না হওয়ায় সম্ভাবনা} &= \left(1 - \frac{5}{7}\right) = \frac{7-5}{7} = \frac{2}{7} \\ \text{অর্থাৎ বৃষ্টি হওয়া ও না হওয়ার সম্ভাবনা মিলে 1 হয় এবং বৃষ্টি না হওয়া} \\ \text{দুদিনের থেকে যেকোনো একদিন হলো রবিবার।} \end{aligned}$$

৫৪০. ১ প্যাকেট তাস থেকে দৈবভাবে একটি তাস নেয়া হল। তাসটি হরতন হওয়ার সম্ভাবনা কত?

[কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপপরিচালক ২০০৭]

সমাধান

$$\begin{aligned} 1 \text{ টি প্যাকেটে তাস থাকে } ৫২ \text{ টি, এর মধ্যে হরতন থাকে } 13 \text{ টি।} \\ \therefore 1 \text{ প্যাকেট তাস থেকে দৈবভাবে } 1 \text{ টি তাস নেওয়া হলে হরতন হওয়ার} \\ \text{সম্ভাবনা} &= \frac{13}{52} = \frac{1}{4} \end{aligned}$$

৫৪১. এক প্যাকেট তাস থেকে দৈবভাবে 2টি তাস নেয়া হল। তাস দুটি রাজা হওয়ার সম্ভাবনা কত?

[সোনালী ব্যাংক অফিস: ২০১৫]

সমাধান

$$\begin{aligned} \text{এক প্যাকেট থেকে দৈবভাবে 2টি তাস নিতে বলায় এখানে সমাবেশের ধারণা} \\ \text{বা সূত্র প্রয়োগ করতে হবে।} \\ 1 \text{ প্যাকেটে তাস থাকে } 52 \text{ টি।} \\ \therefore 52 \text{ টি থেকে 2 টি তাস নেওয়ার উপায় } {}^{52}C_2 &= \frac{52 \times 51}{1 \times 2} = 1326 \\ 1 \text{ প্যাকেটে রাজা থাকে } 4 \text{ টি।} \\ \therefore 4 \text{ টি রাজা থেকে 2 টি নেওয়ার উপায় } {}^4C_2 &= \frac{4 \times 3}{1 \times 2} = 6 \\ \therefore \text{ সম্ভাবনা} &= \frac{6}{1326} = \frac{1}{221} \end{aligned}$$

৫৪২. একটি থলিতে ৬ টি নীল বল, ৪ টি সাদা বল এবং ১০ টি কালো বল আছে। দৈবভাবে একটা বল তুললে সেটি সাদা না হবার সম্ভাবনা কত?

সমাধান

থলিতে থাকা মোট বল সংখ্যা = $(6 + 8 + 10) = 24$ টি
আবার, নীল ও কালো বল উঠতে পারে $(6 + 10) = 16$ বার
∴ সাদা বল না হওয়ার সম্ভাবনা = $\frac{16}{24} = \frac{2}{3}$ [৪ দিয়ে ভাগ করে]

৫৪৩. একটি থলিতে ১২টি নীল বল, ১৪টি সাদা বল এবং ২২টি কালো বল আছে। দৈবভাবে একটা বল তুললে সেটি নীল না হবার সম্ভাবনা কত?

সমাধান

থলিতে মোট বল আছে = $(12 + 18 + 22) = 88$ টি এবং এর মধ্যে নীল বল ১২টি।

∴ নীল বল উঠার সম্ভাবনা = $\frac{12}{88} = \frac{3}{22}$
∴ নীল বল না উঠার সম্ভাবনা = $\left(1 - \frac{3}{22}\right) = \frac{19}{22}$

৫৪৪. $P(A) = \frac{1}{3}$; $P(B) = \frac{2}{3}$; A ও B স্বাধীন হলে $P\left(\frac{B}{A}\right)$ কত?

সমাধান

দেওয়া আছে, $P(A) = \frac{1}{3}$ এবং $P(B) = \frac{2}{3}$
আমরা জানি, A ও B স্বাধীন ঘটনা হলে, $P(A \cap B) = P(A) \cdot P(B/A)$

$$\therefore P\left(\frac{B}{A}\right) = \frac{P(A \cap B)}{P(A)}$$

যেহেতু A ও B স্বাধীন ঘটনা,

$$\text{সুতরাং আমরা পাই, } P\left(\frac{B}{A}\right) = \frac{P(A) \cdot P(B)}{P(A)} = P(B) = \frac{2}{3}$$

৫৪৫. $P(A) = \frac{1}{3}$, $P(B) = \frac{1}{4}$, A ও B স্বাধীন হলে $P(A \cup B)$ কত?

সমাধান

যেহেতু $P(A)$ ও $P(B)$ স্বাধীন।

$$\text{তাই } P(A \cap B) = P(A) \cdot P(B) = \frac{1}{3} \times \frac{1}{4} = \frac{1}{12}$$

$$\therefore P(A \cup B) = P(A) + P(B) - P(A \cap B)$$

$$= \frac{1}{3} + \frac{1}{4} - \frac{1}{12} = \frac{4 + 3 - 1}{12} = \frac{6}{12} = \frac{1}{2}$$

সেট ও ফাংশন

৫৪৬. $A = \{x : x \text{ মৌলিক সংখ্যা এবং } x < 10\}$ হলে নিচের কোনটি সঠিক?

$(A = \{1, 2, 3, 5, 7\} / A = \{1, 2, 3, 6, 7\} /$
 $A = \{2, 3, 5, 7\} / A = \{4, 6, 8, 9\})$

সমাধান

10 এর চেয়ে ছোট মৌলিক সংখ্যাগুলো হলো: 2, 3, 5, 7
∴ $A = \{2, 3, 5, 7\}$

৫৪৭. $C = \{x : x \text{ ঋণাত্মক পূর্ণসংখ্যা এবং } x^2 < 18\}$; C সেটের উপাদানগুলো হবে—

সমাধান

প্রদত্ত C সেটের উপাদানগুলো হলো ঋণাত্মক পূর্ণসংখ্যা (x) যাদের বর্গ 18 অপেক্ষা ছোট। ঋণাত্মক পূর্ণসংখ্যাগুলো হলো -1, -2, -3, -4, -5 ইত্যাদি। এদের মধ্যে $(-1)^2 = 1 < 18$, $(-2)^2 = 4 < 18$, $(-3)^2 = 9 < 18$, $(-4)^2 = 16 < 18$
কিন্তু $(-5)^2 = 25 > 18$
সুতরাং x এর গ্রহণযোগ্য মান (প্রদত্ত শর্তানুসারে): -1, -2, -3, -4

৫৪৮. $A = \{1, 2, 3, 4\}$ হলে, $P(A)$ এর উপাদান সংখ্যা কত?

সমাধান

$A = \{1, 2, 3, 4\}$ অর্থাৎ A সেটের উপাদান সংখ্যা $n = 4$ টি।
∴ $P(A)$ অর্থাৎ A সেটের উপসেট সংখ্যা হবে $2^n = 2^4 = 16$ এর উপসেটগুলো হলো: $\{1, 2, 3, 4\}$, $\{1, 2, 3\}$, $\{2, 3, 4\}$, $\{1, 3, 4\}$, $\{1, 2, 4\}$, $\{1, 2\}$, $\{2, 3\}$, $\{3, 4\}$, $\{1, 3\}$, $\{2, 4\}$, $\{1, 4\}$, $\{1\}$, $\{2\}$, $\{3\}$, $\{4\}$, \emptyset

৫৪৯. $A = \{x : x \text{ মৌলিক সংখ্যা এবং } x \leq 5\}$ হলে $P(A)$ এর সদস্য সংখ্যা কত?

সমাধান

x একটি মৌলিক সংখ্যা যার মান $x \leq 5$ । অর্থাৎ x হলো 5 এর চেয়ে ছোট বা 5 এর সমান মৌলিক সংখ্যা।

∴ $x = \{2, 3, 5\}$ অর্থাৎ A সেটটি হলো $\{2, 3, 5\}$ যার উপাদান সংখ্যা, $n = 3$ ।

∴ A সেটের উপসেট সংখ্যা হবে $2^n = 2^3 = 8$ টি

৫৫০. $A = \{x : x \text{ Fibonacci সংখ্যা এবং } x^2 < 64\}$ হলে, $P(A)$ এর উপাদান কয়টি?

সমাধান

দেয়া আছে, $A = \{x : x \text{ Fibonacci সংখ্যা এবং } x^2 < 64\}$

আমরা জানি, Fibonacci সংখ্যা 0, 1, 1, 2, 3, 5, 8, 13, ...

[পরপর দুইটি সংখ্যার যোগফল পরবর্তী সংখ্যার সমান]

আবার বলা হয়েছে $x^2 < 64$ অর্থাৎ x এর মান এমন সংখ্যা হবে যাতে তার বর্গ 64 এর থেকে ছোট হয়।

সুতরাং $A = \{0, 1, 1, 2, 3, 5\}$
 $= \{0, 1, 2, 3, 5\}$

A এর উপাদান সংখ্যা 5;

$P(A)$ এর উপাদান সংখ্যা = $2^n = 2^5 = 32$

৫৫১. যদি $A = \{1, 2, 3\}$, $B = \{2, 3, 5\}$ হয়, তবে $A \setminus B$ কত?

সমাধান

$A \setminus B = A - B$

$= \{1, 2, 3\} - \{2, 3, 5\}$ অর্থাৎ A সেট থেকে A ও B সেটের

সাধারণ উপাদানগুলোকে বাদ দেওয়া।

$= \{1\}$

৫৫২. যদি A ও B যে কোনো দুইটি সেট হয়, তবে $(A - B) \cap B$ কত?

সমাধান

$(A - B) \cap B = A \cap B = \emptyset$

Note: $(A - B)$ এর অর্থ A সেটের উপাদান থেকে B সেটের উপাদানগুলো বাদ দেওয়া। তাই $(A - B)$ সেটে B সেটের কোনো উপাদান থাকবে না। ফলে $(A - B) \cap B$ এর মান A।

∴ $(A - B) \cap B =$ ফাঁকা সেট \emptyset ।

এখানে, A ও B দুইটি ভিন্ন সেট এবং এদের মধ্যে কোনো সাধারণ উপাদান নেই। অর্থাৎ $A \cap B = \emptyset$

৫৫৩. $A = \{x \in \mathbb{N} \mid 2 < x \leq 8\}$, $B = \{x \in \mathbb{N} \mid x \text{ বিজোড় এবং } x \leq 9\}$ হলে, $A \cap B$ কত?

সমাধান

$A = \{3, 4, 5, 6, 7, 8\}$

$B = \{1, 3, 5, 7, 9\}$

∴ $A \cap B = \{3, 4, 5, 6, 7, 8\} \cap \{1, 3, 5, 7, 9\}$
 $= \{3, 5, 7\}$

৫৫৪. $P = \{x : x, 12 \text{ এর গুণনীয়কসমূহ}\}$ এবং $Q = \{x : x, 3 \text{ এর গুণিতক এবং } x \leq 12\}$ হলে, $P - Q$ কত? [৪০তম বিসিএস]

সমাধান

$P = \{x : x, 12 \text{ এর গুণনীয়কসমূহ}\}$ এই শর্তে 12 এর গুণনীয়কসমূহ হবে P এর সদস্য।

$$\therefore P = \{1, 2, 3, 4, 6, 12\}$$

আবার, $Q = \{x : x, 3 \text{ এর গুণিতক এবং } x \leq 12\}$ শর্তে Q এর সদস্য হবে, $Q = \{3, 6, 9, 12\}$

$$\text{অতএব, } P - Q = \{1, 2, 3, 4, 6, 12\} - \{3, 6, 9, 12\}$$

$$= \{1, 2, 4\}$$

[P বাদ Q বলে উভয় সেটের কমন উপাদান বাদ যাবে]

$$\therefore P - Q = \{1, 2, 4\}$$

৫৫৫. $(x - y, 3) = (0, x + 2y)$ হলে $(x, y) =$ কত? [৩৩তম বিসিএস]

সমাধান

[বাংলাদেশ ডাক বিভাগ মেইন অপারেটর/স্টেনো টাইপিষ্ট কাম কম্পিউটার অপা.-১৯]

ক্রমজোড়ের সংজ্ঞানুসারে,

$$\text{অর্থাৎ, } x - y = 0 \dots \dots \dots (i)$$

$$x + 2y = 3 \dots \dots \dots (ii)$$

$$-3y = -3 \text{ [বিয়োগ করে]}$$

$$\therefore y = \frac{3}{3} = 1$$

(ii) নং সমীকরণে y এর মান বসিয়ে পাই,

$$x + 2 \times 1 = 3$$

$$\text{বা, } x = 3 - 2 = 1$$

$$\therefore (x, y) = (1, 1)$$

৫৫৬. কোন শ্রেণিতে ১০০ জন পরীক্ষার্থী ছিল। বার্ষিক পরীক্ষায় ৯৪ জন বাংলায় এবং ৮০ জন গণিতে পাশ করেছে। ৭৫ জন উভয় বিষয়ে পাশ করলে কত জন উভয় বিষয়ে ফেল করেছে? [২৫তম বিসিএস সিবিডি]

সমাধান

[বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন আমদানি রপ্তানি অধিদপ্তরে নির্বাহী অফিসার-২০০৭]

বাংলায় পাশ করে ৯৪ জন, গণিতে পাশ করে ৮০ জন।


উভয় বিষয়ে পাশ করে ৭৫ জন।

$$\therefore \text{ শুধু বাংলায় পাশ করে } (৯৪ - ৭৫) = ১৯ \text{ জন}$$

$$\text{ শুধু গণিতে পাশ করে } (৮০ - ৭৫) = ৫ \text{ জন}$$

$$\therefore \text{ এক বিষয়ে ও উভয় বিষয়ে পাশ করে } = (১৯ + ৫ + ৭৫) = ৯৯ \text{ জন}$$

$$\therefore \text{ উভয় বিষয়ে ফেল করে } (১০০ - ৯৯) = ১ \text{ জন}$$



৫৫৭. কোনো পরীক্ষায় ৫২% পরীক্ষার্থী ইংরেজিতে এবং ৪২% পরীক্ষার্থী গণিতে ফেল করল। যদি উভয় বিষয়ে ১৭% ফেল করে থাকে, তবে কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে পাশ করেছে?

সমাধান

[রেজি.বেসরকারি প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা-১১]

ইংরেজিতে ফেল ৫২%, গণিতে ফেল ৪২%, উভয় বিষয়ে ফেল ১৭%।

$$\therefore \text{ শুধু ইংরেজিতে ফেল } (৫২ - ১৭)\% = ৩৫\%$$

$$\text{ শুধু গণিতে ফেল } (৪২ - ১৭)\% = ২৫\%$$

$$\therefore \text{ শুধু এক বিষয় ও উভয় বিষয়ে ফেল করে } = (৩৫ + ২৫ + ১৭)\% = ৭৭\%$$

$$\therefore \text{ উভয় বিষয়ে পাশ করে } = (১০০ - ৭৭) = ২৩ \text{ জন।}$$

৫৫৮. কোন পরীক্ষায় ৪০% পরীক্ষার্থী ইংরেজিতে, ২৫% গণিতে এবং ১৫% পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করেছে। কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে পাশ করেছে? [রেজি.বেসরকারি প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা-১১]

সমাধান

ধরি, মোট পরীক্ষার্থী = ১০০ জন

ইংরেজিতে ফেল করে ৪০ জন, গণিতে ফেল করে ২৫ জন

উভয় বিষয়ে ফেল করে ১৫ জন

$$\therefore \text{ শুধু ইংরেজিতে ফেল করে } (৪০ - ১৫) = ২৫ \text{ জন}$$

$$\text{ শুধু গণিতে ফেল করে } (২৫ - ১৫) = ১০ \text{ জন}$$

$$\therefore \text{ শুধু ইংরেজিতে, গণিতে ও উভয় বিষয়ে ফেল করে } = (২৫ + ১০ + ১৫) = ৫০ \text{ জন}$$

$$\therefore \text{ উভয় বিষয়ে পাশ করে } (১০০ - ৫০) = ৫০ \text{ জন}$$

বিকল্প পদ্ধতি:

সূত্রের সাহায্যে সমাধান:


$$n(E \cup M) = n(E) + n(M) - n(E \cap M) + \text{None}$$

$$\text{বা, } ১০০ = ৪০ + ২৫ - ১৫ + \text{None}$$

$$\text{বা, } ১০০ = ৫০ + \text{None}$$

$$\text{বা, } \text{None} = (১০০ - ৫০) = ৫০$$

\therefore কোনো বিষয়েই ফেল করেনি ৫০ জন
অর্থাৎ উভয় বিষয়ে পাশ করেছে ৫০ জন।



৫৫৯. একটি ক্লাসে ৩০ জন ছাত্র আছে। তাদের মধ্যে ১৮ জন ফুটবল খেলে এবং ১৪ জন ক্রিকেট খেলে এবং ৫ জন কিছুই খেলে না। কতজন উভয়টিই খেলে? [২৩তম বিসিএস পশ্চিম সফর ব্যাংক, কাশ-২০১৮]

সমাধান

$$n(F \cup C) = n(F) + n(C) - n(F \cap C) + \text{None}$$

$$\text{বা, } ৩০ = ১৮ + ১৪ - n(F \cap C) + ৫$$

$$\text{বা, } ৩০ = ৩৭ - n(F \cap C)$$

$$\therefore n(F \cap C) = ৩৭ - ৩০ = ৭$$

$$\therefore \text{ উভয় খেলাই খেলে ৭ জন।}$$

৫৬০. $f(x) = x^3 + ax^3 + 2x^3 = 0$ হলে, x এর মান কত?

সমাধান

[পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রশাসনিক কর্মকর্তা, ২০১৯]

দেওয়া আছে, $f(x) = x^3 + ax^3 + 2x^3 = 0$

$$\text{বা, } x^3 + ax^3 + 2x^3 = 0$$

$$\text{বা, } 3x^3 + ax^3 = 0$$

$$\text{বা, } x^3(3 + a) = 0$$

$$\text{অর্থাৎ } x^3 = 0$$

$$\therefore x = 0$$

৫৬১. $f(x) = x^3 + kx^2 - 6x - 9$, k এর মান কত হলে $f(3) = 0$ হবে?

সমাধান

[৩০তম বিসিএস]

$$f(x) = x^3 + kx^2 - 6x - 9$$

$$\therefore f(3) = (3)^3 + k(3)^2 - 6 \times 3 - 9$$

$$= 27 + 9k - 18 - 9$$

$$= (27 + 9k - 27) = 9k$$

এখানে, $f(3) = 0$

$$\text{বা, } 9k = 0$$

$$\therefore k = \frac{0}{9} = 0$$


অসমতা

৫৬২. $5x - x^2 - 6 > 0$ হলে, নিচের কোনটি সঠিক? [১৩তম বিসিএস]

($x > 3$, $x < 2/2 > x > 3/x < 2/2 < x < 3$)

সমাধান

$5x - x^2 - 6 > 0$
 বা, $-(x^2 - 5x + 6) > 0$
 বা, $x^2 - 5x + 6 < 0$ [-1 দ্বারা গুণ করে]
 বা, $x^2 - 3x - 2x + 6 < 0$
 বা, $x(x-3) - 2(x-3) < 0$
 বা, $(x-3)(x-2) < 0$
 $(x-a)(x-b)$ ভুলনা করে পাই, $a = 3$, $b = 2$
 $<$ হলে মাঝখানে,



$\therefore 2 < x < 3$

৫৬৩. $x^2 - 3x - 10 > 0$ অসমতাটির সমাধান কোনটি?
 $(-\infty, 1) \cup (4, +\infty) / (-\infty, -2) \cup (5, +\infty) /$
 $(\infty, 2) \cup (5, +\infty) / -5, -\infty) \cup (\infty, 2)$

সমাধান

$x^2 - 3x - 10 > 0$
 বা, $x^2 - 5x + 2x - 10 > 0$
 বা, $x(x-5) + 2(x-5) > 0$
 বা, $(x-5)(x+2) > 0$
 $(x-a)(x-b)$ ভুলনা করে পাই, $a = 5$, $b = -2$
 $>$ হলে দুই পাশে,




\therefore নির্ণয়: $x < -2 \cup x > 5$ বা $(-\infty, -2) \cup (5, +\infty)$

৫৬৪. $2x^2 + 5x + 3 < 0$ এর সমাধান কোনটি? [১৩তম বিসিএস-বিশেষ]

$$\left(-\frac{3}{2} < x < -1 / -\frac{3}{2} < x < 1 / -\frac{3}{2} \leq x \leq 1 / -\frac{3}{2} < x \leq 1\right)$$

সমাধান

$2x^2 + 5x + 3 < 0$
 বা, $2x^2 + 3x + 2x + 3 < 0$ [মধ্যপদ বিভাজন]
 বা, $x(2x+3) + 1(2x+3) < 0$
 বা, $(2x+3)(x+1) < 0$
 $(x-a)(x-b)$ ভুলনা করে পাই, $a = -\frac{3}{2}$, $b = -1$
 $<$ হলে মাঝখানে,



\therefore নির্ণয় সমাধান: $-\frac{3}{2} < x < -1$

৫৬৫. $|x+1| < 3$ অসমতার সমাধান সেট হবে-
 $(-4 < x < 2 / -2 < x < 2 / -4 < x < 4 / -4 \leq x \leq 2)$

সমাধান

$|x+1| < 3$
 বা, $-3 < x+1 < 3$
 বা, $-3-1 < x < 3-1$ [1 বিয়োগ করে]
 বা, $-4 < x < 2$

৫৬৬. সমাধান করুন: $|x-3| < 5$ হলে- [১৩তম বিসিএস]

($2 < x < 8 / -2 < x < 8 / -8 < x < -2 / -4 < x < -2$)

সমাধান

$|x-3| < 5$
 বা, $-5 < x-3 < 5$
 বা, $-5+3 < x < 5+3$ [উভয়দিকে 3 যোগ করে]
 বা, $-2 < x < 8$

৫৬৭. বাস্তব সংখ্যায় $|3x+2| < 7$ অসমতাটির সমাধান- [১৩তম বিসিএস]

($-3 < x < 3 / -\frac{5}{3} < x < \frac{5}{3} / -3 < x < \frac{5}{3} / \frac{5}{3} < x < -\frac{5}{3}$)

সমাধান

$|3x+2| < 7$
 বা, $-7 < 3x+2 < 7$
 বা, $-7-2 < 3x < 7-2$ [2 বিয়োগ করে]
 বা, $-9 < 3x < 5$
 বা, $-\frac{9}{3} < x < \frac{5}{3}$ [3 দ্বারা ভাগ]
 $\therefore -3 < x < \frac{5}{3}$

৫৬৮. $|1-2x| < 1$ এর সমাধান? [১৩তম বিসিএস-বিশেষ]

($-2 < x < 1 / -1 < x < 0 / 0 < x < 1 / -1 < x < 1$)

সমাধান

$|1-2x| < 1$
 বা, $-1 < 1-2x < 1$
 বা, $1 > 2x-1 > 1$ [-1 দ্বারা গুণ করে]
 বা, $1+1 > 2x > 1-1$ [1 যোগ করে]
 বা, $2 > 2x > 0$
 বা, $1 > x > 0$ [2 দ্বারা ভাগ করে]
 \therefore নির্ণয় সমাধান: $0 < x < 1$

পরিসংখ্যান

৫৬৯. উপাত্তসমূহের সর্বোচ্চ মান এবং সর্বনিম্ন মানের পার্থক্য কোনটি?
 (প্রচুরক/ মধ্যমান/ পরিসর/ শ্রেণি ব্যবধান)

সমাধান

পরিসর = উপাত্তসমূহের সর্বোচ্চ মান - উপাত্তসমূহের সর্বনিম্ন মান

৫৭০. একটি শ্রেণিতে যতগুলো উপাত্ত অন্তর্ভুক্ত হয় তার নির্দেশক নিচের কোনটি?
 (শ্রেণির গণসংখ্যা/ শ্রেণির মধ্যবিন্দু/ শ্রেণি সীমা/ ক্রমযোজিত গণসংখ্যা)

সমাধান

একটি শ্রেণিতে যতগুলো উপাত্ত অন্তর্ভুক্ত হয় তা নির্দেশক শ্রেণির গণসংখ্যা।

৫৭১. ১ থেকে ১০০ পর্যন্ত উপাত্তকে ১০টি শ্রেণিতে ভাগ করলে ৮ নম্বর শ্রেণিটি নিচের কোনটি হবে? (৮১-৯০/ ৭১-৮০/ ৮৯-৯৯/ ৮০-৯১)

সমাধান

১ - ১০
১১ - ২০
২১ - ৩০
৩১ - ৪০
৪১ - ৫০
৫১ - ৬০
৬১ - ৭০
৭১ - ৮০
৮১ - ৯০
৯১ - ১০০

৫৭২. 100 জন শিক্ষার্থীর পরিসংখ্যানে গড় নম্বর 70। এদের মধ্যে 60 জন ছাত্রীর গড় নম্বর 75 হলে ছাত্রদের গড় নম্বর কত? [৩৬তম বিসিএস]

সমাধান

100 জন শিক্ষার্থীর পরিসংখ্যানে মোট নম্বর = $70 \times 100 = 7000$
 60 জন ছাত্রীর মোট নম্বর = $75 \times 60 = 4500$
 $\therefore (100 - 60) = 40$ জন ছাত্রের মোট নম্বর = $(7000 - 4500) = 2500$
 \therefore ছাত্রদের গড় নম্বর = $\frac{2500}{40} = 62.5$

৫৭৩. প্রদত্ত উপাত্তগুলোর মধ্যক : ১২, ৯, ১৫, ৫, ২০, ৮, ২৫, ১৭, ২১, ২৩, ১১ [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম ধাপ)-২০১৯]

সমাধান

উপাত্তগুলোকে মানের ক্রমানুসারে সাজিয়ে পাই:
 ৫, ৮, ৯, ১১, ১২, ১৫, ১৭, ২০, ২১, ২৩, ২৫
 এখানে, $n = 11$ যা একটি বিজোড় সংখ্যা।
 \therefore মধ্যক = $\frac{n+1}{2}$ তম পদ = $\frac{11+1}{2}$ তম পদ = $\frac{12}{2}$ তম পদ = ৬তম পদ = ১৫

৫৭৪. 1 থেকে 100 পর্যন্ত সকল মৌলিক সংখ্যার প্রচুরক কত?

সমাধান

1 থেকে 100 পর্যন্ত যে সকল মৌলিক সংখ্যা আছে, সেগুলোর মধ্যে কোন পুনরাবৃত্তি নাই। তাই এই উপাত্তে কোন প্রচুরক নাই।

৫৭৫. নিম্নে গণসংখ্যা নিবেশন সারণির প্রচুরক শ্রেণি কোনটি?

শ্রেণি	0-5	5-10	10-15	15-20	20-25
গণসংখ্যা	2	3	7	4	2

(5-10)/(10-15)/(15-20)/(20-25)

সমাধান

প্রদত্ত সারণিতে সর্বোচ্চ গণসংখ্যা 7।
 ফলে প্রদত্ত উপাত্তে প্রচুরক শ্রেণি (10-15)।

বিন্দু, রেখা ও কোণ

৫৭৬. দুটি লাইন একে অন্যের থেকে ২ মিটার দূরে সমান্তরালভাবে চলে যাচ্ছে। তারা একে অন্যের সাথে মিলিত হবে কত মিটার দূরে?

সমাধান

[প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৯ (৩য় ধাপ-১)]
 দুটি সমান্তরাল রেখা পরস্পরের মধ্যে সর্বদা সমান দূরত্ব বজায় রেখে চলে। তাই এরা কখনোই একে অন্যের সাথে মিলিত হয় না।

৫৭৭. দুটি সমান্তরাল রেখা কয়টি বিন্দুতে ছেদ করে? [৩৬তম বিসিএস]

সমাধান


দুটি সমান্তরাল রেখা পরস্পরের মধ্যে সর্বদা সমান দূরত্ব বজায় রেখে চলে। তাই এরা কখনোই একে অন্যকে ছেদ করে না।

Note: ইউক্লিডীয়ান সমতলে অর্থাৎ Plane Geometry তে দুইটি সমান্তরাল রেখার কোনো ছেদবিন্দু নেই কিন্তু Projective Geometry তে অসীমে সমান্তরাল রেখাঘষ ছেদ করে। সুতরাং Projective Geometry মতে একজোড়া সমান্তরাল সরলরেখায় ছেদবিন্দু দুইটি।

৫৭৮. দুটির সরলরেখা পরস্পর ছেদ করলে যে চারটি কোণ উৎপন্ন হয় তাদের একটির বিপরীত কোণকে অপরটির কি বলা হয়?

সমাধান

[প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৮ (সেট: ১১৬১)]
 দুটির সরলরেখা পরস্পর ছেদ করলে যে চারটি কোণ উৎপন্ন হয় তাদের একটির বিপরীত কোণকে অপরটির বিপরীত কোণ বলে।
 চিত্রে, $\angle AOD =$ বিপরীত, $\angle COB$
 $\angle AOC =$ বিপরীত, $\angle BOD$



৫৭৯. একটি সরলরেখার সাথে আর একটি রেখাংশ মিলিত হয়ে যে দুটি সন্নিহিত কোণ উৎপন্ন হয় তাদের সমষ্টি কত হবে?

সমাধান

[প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৯ (৪র্থ ধাপ-৪)]
 একটি সরলরেখার সাথে অপর একটি রেখাংশ মিলিত হলে যে দুটি সন্নিহিত কোণ উৎপন্ন হয় তাদের সমষ্টি ২ সমকোণ বা 180° বা সরলকোণ। $\angle AOB = 180^\circ$



৫৮০. দুই সমকোণ অপেক্ষা বড় ও চার সমকোণ অপেক্ষা ছোট কোণকে বলে—

সমাধান

[প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৯ (১ম ধাপ)]
 দুই সমকোণ অপেক্ষা বড় এবং চার সমকোণ অপেক্ষা ক্ষুদ্র কোণকে প্রবৃদ্ধকোণ বলে।
 অর্থাৎ $180^\circ < \text{প্রবৃদ্ধকোণ} < 360^\circ$

৫৮১. ২৫৩ ডিগ্রি কোণকে কি কোণ বলে?

সমাধান

[১৫তম শিক্ষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়)-২০১৯]
 253° কোণ দুই সমকোণ (180°) অপেক্ষা বড় কিন্তু চার সমকোণ (360°) অপেক্ষা ছোট। তাই 253° কোণ হলো প্রবৃদ্ধ কোণ।

৫৮২. দুটি পরস্পর পূরক কোণের মধ্যে একটির মান ৩৫ ডিগ্রি হলে অপরটির মান কত?

সমাধান

[প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৯ (৪র্থ ধাপ-৩)]
 দুটি পরস্পর পূরক কোণের সমষ্টি 90° ।
 সুতরাং একটি কোণের পরিমাণ 35° হলে অপরটি = $90^\circ - 35^\circ = 55^\circ$

৫৮৩. ৪০ ডিগ্রি কোণের পূরক কোণ কোনটি?
 (৩২০ ডিগ্রি/ ৫০ ডিগ্রি/ ১২০ ডিগ্রি/ ১৪ ডিগ্রি)

সমাধান

[প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৯ (২য় ধাপ)]
 দুটি পূরক কোণের সমষ্টি 90°
 \therefore ৪০ ডিগ্রি কোণের পূরক কোণ হলো = $(90^\circ - 40^\circ) = 50^\circ$

৫৮৪. $\angle A$ ও $\angle B$ পরস্পর পূরক এবং কোণ দুটির অনুপাত 3 : 2 হলে $\angle A$ এর মান কত?

সমাধান

[১৫তম শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায়)-২০১৯]
 আমরা জানি, দুটি পূরক কোণের সমষ্টি 90°
 অনুপাতের যোগফল = $3 + 2 = 5$
 $\therefore \angle A$ এর পরিমাণ = 90° এর $\frac{3}{5} = 54^\circ$

৫৮৫. একটি কোণের মান তার পূরক কোণের মানের অর্ধেকের সমান। কোণটির মান কত?

সমাধান

[৩৬তম বিসিএস]
 শর্টকাট পদ্ধতি: [১৬তম শিক্ষক নিবন্ধন (স্কুল-২/সমপর্যায়)-২০১৯]
 উক্ত কোণ = এক ডাগ
 পূরক কোণ = দুই ডাগ
 যোগফল = তিন ডাগ
 \therefore একডাগ = $\frac{90^\circ}{3} = 30^\circ$

৫৮৬. দুটি সন্নিহিত কোণের সমষ্টি দুই সমকোণ হলে একটিকে অপরটির কী বলে?

সমাধান

[৩৬তম বিসিএস] থাক-প্রাথমিক শিক্ষক নিয়োগ-২০১৪ (গামা)
 দুটি কোণের সমষ্টি দুই সমকোণ (180° বা সরলকোণ) হলে একটিকে অপরটির সম্পূরক কোণ বলে। কোণ দুটি পরস্পর সন্নিহিত হলেও যদি তাদের সমষ্টি দুই সমকোণ হয় তবে তারা একটি অন্যটির সম্পূরক কোণ।

৫৮৭. ৭০ ডিগ্রি কোণের সম্পূরক কোণ কোনটি?
 (৯০ ডিগ্রি/ ১১০ ডিগ্রি/ ১৬০ ডিগ্রি/ ১৪৫ ডিগ্রি)

সমাধান

[১৬তম শিক্ষক নিবন্ধন (স্কুল-২/সমপর্যায়)-২০১৭]
 আমরা জানি, দুটি সম্পূরক কোণের সমষ্টি দুই সমকোণ বা 180° ।
 90° এর সম্পূরক কোণ = $(180^\circ - 90^\circ) = 90^\circ$


এমপিবিয়ান প্রাইমারি শিক্ষক নিয়োগ - ৮(ক)

৫৮৮. একটি কোণের মান তার সম্পূরক কোণের মানের অর্ধেকের সমান।
কোণটির মান কত? [৪০তম বিসিএস]

সমাধান শর্টকাট পদ্ধতি:

কোণটি = এক ভাগ
সম্পূরক কোণ = দুই ভাগ
যোগফল = তিন ভাগ
 \therefore কোণটি = $\frac{180^\circ}{3} = 60^\circ$ [সম্পূরক কোণ বলে]


৫৮৯.



সমাধান

আমরা জানি, এক সরলকোণ = 180°
অর্থাৎ $105^\circ + x = 180^\circ$
বা, $x = 180^\circ - 105^\circ$
 $\therefore x = 75^\circ$

৫৯০. চিত্রে XY এবং WZ দুটো সমান্তরাল সরলরেখা, PQ তাদের ছেদক। সেক্ষেত্রে $\angle a + \angle b$ এর মান নিচের কোনটি?



($90^\circ / 120^\circ / 180^\circ / 360^\circ$)

সমাধান

[১০ম শিক্ষক নিবন্ধন (ফুল-২/সমপর্যায়)-২০১৪]



চিত্রে a ও c পরস্পর অনুরূপ কোণ হওয়ায় $a = c$
এখানে, $a + b$
 $= c + b$
 $= 180^\circ$ [$\because c + b = 1$ সরলকোণ]

৫৯১. AB ও CD সরলরেখা O বিন্দুতে ছেদ করলে নিম্নের কোন গাণিতিক বাক্যটি সঠিক? [১৭তম বিসিএস]



($\angle AOD = \angle BOC / \angle AOD > \angle BOC / \angle AOD < \angle BOC / \angle AOC > \angle BOD$)


সমাধান

দুটি সরলরেখা পরস্পরকে ছেদ করলে ছেদ বিন্দুতে চারটি কোণ উৎপন্ন হয়। এদের মধ্যে বিপরীতস্থি কোণ দুটি হলো পরস্পরের বিপ্রতীপ কোণ। এরা পরস্পর সমান হয়। কাজেই প্রদত্ত চিত্রটিতে $\angle AOD$ ও $\angle BOC$ পরস্পর বিপ্রতীপ এবং $\angle AOD = \angle BOC$ । আবার $\angle AOC$ ও $\angle BOD$ পরস্পর বিপ্রতীপ এবং $\angle AOC = \angle BOD$ ।

ত্রিভুজ

৫৯২. কোন ত্রিভুজের তিন কোণের সমদ্বিগুণগুলো যে বিন্দুতে ছেদ করে তাকে বলে? [৭ম শিক্ষক নিবন্ধন (ফুল/সমপর্যায়)-২০১১]

সমাধান




কোনো ত্রিভুজের তিন কোণের সমদ্বিগুণকত্রয় যে বিন্দুতে মিলিত হয় তাকে অন্তঃকেন্দ্র বলে। চিত্রে $\triangle ABC$ এর অন্তঃকেন্দ্র O।

৫৯৩. কোন ত্রিভুজের বাহুগুলোর লম্ব দ্বিগুণকত্রয় তিনটি যে বিন্দুতে ছেদ করে তাকে বলে- [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিপিই-২০১১]

সমাধান

ত্রিভুজের বাহুত্রয়ের লম্ব দ্বিগুণকত্রয় সমবিন্দু। এই বিন্দুকে ত্রিভুজের পরিকেন্দ্র (Circumcentre) বলে।



$\triangle ABC$ -এ D, E, F যথাক্রমে BC, CA এবং AB এর মধ্যবিন্দু। OD, OE, OF যথাক্রমে O বিন্দু হতে BC, CA এবং AB বাহুর উপর লম্ব। O হলো ত্রিভুজটির পরিকেন্দ্র।

৫৯৪. দুটি ত্রিভুজ পরস্পর সর্বসম হওয়ার জন্য নিচের কোন শর্তটি যথেষ্ট নয়? একটির তিন বাহু অপরটির তিন বাহুর সমান/ একটির তিন কোণ অপরটির তিন কোণের সমান/ একটির দুই কোণ ও এক বাহু অপরটির দুই কোণ ও অনুরূপ বাহুর সমান/ একটির দুই বাহু ও অন্তর্ভুক্ত কোণ অপরটির দুই বাহু ও অন্তর্ভুক্ত কোণের সমান)

সমাধান

[৩০তম বিসিএস RAKUB, Cash-2017]

দুইটি ত্রিভুজের কোণগুলো সমান হলে এরা আকৃতিতে সমান নাও হতে পারে। এক্ষেত্রে এরা সদৃশকোণ হয় সর্বসম হয় না।

৫৯৫. তিন কোণ দেয়া থাকলে যে সকল ত্রিভুজ আঁকা যায় তাদের কী ত্রিভুজ বলে (সদৃশ ত্রিভুজ/ সমান ত্রিভুজ/ সর্বসম ত্রিভুজ/ সমানুপাতিক ত্রিভুজ)

সমাধান


[প্রাথমিক সহকারী শিক্ষক ২০১২]

একটি ত্রিভুজের ৩ টি কোণ অপর ত্রিভুজের ৩ টি কোণের সমান হলে ত্রিভুজ দুটি সদৃশকোণী ত্রিভুজ হয়।

৫৯৬. বিষমবাহু $\triangle ABC$ এর বাহুগুলির মান এমনভাবে নির্ধারিত যে, AD মধ্যমা দ্বারা গঠিত $\triangle ABD$ এর ক্ষেত্রফল X বর্গমিটার। $\triangle ABC$ এর ক্ষেত্রফল কত? [৬৪তম বিসিএস]

সমাধান


আমরা জানি, যেকোনো মধ্যমা ত্রিভুজের ক্ষেত্রফলকে সমান দুই ভাগে ভাগ করে। $\triangle ABC$ ত্রিভুজের মধ্যমা AD হলে $\triangle ABD$ ত্রিভুজের ক্ষেত্রফল = $\triangle ACD$ ত্রিভুজের ক্ষেত্রফল।



$\therefore \triangle ABC$ এর ক্ষেত্রফল = $\triangle ABD$ এর ক্ষেত্রফল + $\triangle ACD$ এর ক্ষেত্রফল
 $= x$ বর্গ মিটার + x বর্গ মিটার
 $= 2x$ বর্গ মিটার

৫৯৭. একটি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য ২ সে.মি. এবং উচ্চতা x সে.মি. হলে, x এর মান কোনটি? ($\sqrt{2}/\sqrt{3}/2/3$) [৪৪তম বিসিএস]

সমাধান



পিথাগোরাসের সূত্র অনুযায়ী,

$$x^2 + 1^2 = 2^2$$

$$\text{বা, } x^2 = 8 - 1$$


$$\text{বা, } x^2 = 7$$

$$\therefore x = \sqrt{7}$$

